বাংলা ওয়ার্ক বুক

সাহিত্য মালঞ্চ-৩

একাদশ শ্রেণি

প্রস্তুতকরণ

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, ত্রিপুরা সরকার।

© এস সি ই আর টি, ত্রিপুরা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।

একাদশ শ্রেণির বাংলা ওয়ার্কবুক

প্রথম প্রকাশ- সেপ্টেম্বর, ২০২১

প্রচ্ছদ : অশোক দেব, শিক্ষক

অক্ষর বিন্যাস : এস সি ই আর টি, ত্রিপুরা
সহযোগিতায় জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়,
খোয়াই জেলা।

মুদ্রক :

প্রকাশক

অধিকর্তা

রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, ত্রিপুরা।

রতন লাল নাথ
মন্ত্রী
শিক্ষা দপ্তর
ত্রিপুরা সরকার

বার্তা

শিক্ষার প্রকৃত বিকাশের জন্য, শিক্ষাকে যুগোপযোগী করে তোলার জন্য প্রয়োজন শিক্ষাসংক্রান্ত নিরন্তর গবেষণা। প্রয়োজন শিক্ষা সংশ্লিষ্ট সকলকে সময়ের সঙ্গে সঙ্গে প্রশিক্ষিত করা এবং প্রয়োজনীয় শিখন সামগ্রী, পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের বিকাশ সাধন করা। এস সি ই আর টি ত্রিপুরা রাজ্যের শিক্ষার বিকাশে এসব কাজ সুনামের সঙ্গে করে আসছে। শিক্ষার্থীর মানসিক, বৌদ্ধিক ও সামাজিক বিকাশের জন্য এস সি ই আর টি পাঠ্যক্রমকে আরো বিজ্ঞানসম্মত, নান্দনিক এবং কার্যকর করবার কাজ করে চলেছে। করা হচ্ছে সুনির্দিষ্ট পরিকল্পনার অধীনে।

এই পরিকল্পনার আওতায় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের পাশাপাশি শিশুদের শিখন সক্ষমতা বৃদ্ধির জন্য তৈরি করা হয়েছে ওয়ার্ক বুক বা অনুশীলন পুস্তক। প্রসঙ্গত উল্লেখ্য, ছাত্র-ছাত্রীদের সমস্যার সমাধানকে সহজতর করার লক্ষ্যে এবং তাদের শিখনকে আরো সহজ ও সাবলীল করার জন্য রাজ্য সরকার একটি উদ্যোগ গ্রহণ করেছে, যার নাম 'প্রয়াস'। এই প্রকল্পের অধীনে এস সি ই আর টি এবং জেলা শিক্ষা আধিকারিকরা বিশিষ্ট শিক্ষকদের সহায়তা গ্রহণের মাধ্যমে প্রথম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ওয়ার্ক বুকগুলো সুচারুভাবে তৈরি করেছেন। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বিজ্ঞান, গণিত, ইংরেজি, বাংলা ও সমাজবিদ্যার ওয়ার্ক বুক তৈরি হয়েছে। নবম দশম শ্রেণির জন্য হয়েছে গণিত, বিজ্ঞান, সমাজবিদ্যা, ইংরেজি ও বাংলা। একাদশ দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজি, বাংলা, হিসাবশাস্ত্র, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, অর্থনীতি এবং গণিত ইত্যাদি বিষয়ের জন্য তৈরি হয়েছে ওয়ার্ক বুক। এইসব ওয়ার্ক বুকের সাহায্যে ছাত্র-ছাত্রীরা জ্ঞানমূলক বিভিন্ন কার্য সম্পাদন করতে পারবে এবং তাদের চিন্তা প্রক্রিয়ার যে স্বাভাবিক ছন্দ রয়েছে, তাকে ব্যবহার করে বিভিন্ন সমস্যার সমাধান করতে পারবে। বাংলা ও ইংরেজি উভয় ভাষায় লিখিত এইসব অনুশীলন পুস্তক ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হবে।

এই উদ্যোগে সকল শিক্ষার্থী অতিশয় উপকৃত হবে। আমার বিশ্বাস, আমাদের সকলের সক্রিয় এবং নিরলস অংশগ্রহণের মাধ্যমে ত্রিপুরার শিক্ষাজগতে একটি নতুন দিগন্তের উন্মেষ ঘটবে। ব্যক্তিগত ভাবে আমি চাই যথাযথ জ্ঞানের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর সামগ্রিক বিকাশ ঘটুক এবং তার আলো রাজ্যের প্রতিটি কোণে ছড়িয়ে পড়ুক।

(রতন লাল নাথ)

পুস্তকটি যারা তৈরি করেছেন

শ্রী অমিত কুমার দাস, শিক্ষক
শ্রী মিঠু দে, শিক্ষক
শ্রী প্রশান্ত দেবনাথ, শিক্ষক
শ্রীমতি দীপা রুদ্রপাল, শিক্ষিকা
শ্রী নিতাই পাল, শিক্ষক
শ্রী অমিত দাস, শিক্ষক
শ্রী সুশান্ত শুক্ল দাস, শিক্ষক

পরিমার্জনায়

শ্রীমতি এমেলি নাগ, শিক্ষিকা
শ্রীমতি অর্পিতা সাহা, শিক্ষিকা
শ্রী গৌতম রুদ্র পাল, শিক্ষক

সূচিপত্র

একক - ১ ঃ- কবিতা	
ক) ফুল্লরার বারমাস্যা - মুকুন্দরাম চক্রবর্তী।	০৭ - ১৭
খ) বঙ্গভাষা - মাইকেল মধুসূদন দত্ত।	১৮ - ২৩
গ) প্রার্থনা - রবীন্দ্রনাথ ঠাকুর।	২৪ - ৩০
ঘ) মধ্যাহ্ন - অনঙ্গ মোহিনী দেবী।	৩১ - ৩৭
ঙ) মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে - শঙ্খ ঘোষ।	৩৮ - ৪৩
একক - ২ ঃ- গদ্য	
ক) সিংহল ও বৌদ্ধ ধর্ম - স্বামী বিবেকানন্দ।	৪৪ - ৫৪
খ) বসন্তের কোকিল - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।	৫৫ - ৬৪
গ) স্বাদেশিকতা - রবীন্দ্রনাথ ঠাকুর।	৬৫ - ৭৬
ঘ) ভারতবর্ষ - এস. ওয়াজেদ, আলি।	৭৭ - ৮৫
একক - ৩ ঃ- ছোটো গল্প	
ক) ডাইনি - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।	৮৭ - ৯৬
খ) ঘূর্ণমান পৃথিবী - আশাপূর্ণা দেবী।	৯৭ - ১০৪
একক - ৪ ঃ- বাংলা সাহিত্যের ইতিহাস	
আদিযুগ	
ক) চর্যাপদ ঃ- ঐতিহাসিক গুরুত্ব, সাহিত্যমূল্য, কয়েকজন, প্রধান কবির নাম।	১০৬ - ১১০
মধ্যযুগ	
খ) শ্রীকৃষ্ণ কীর্তন - এর সংক্ষিপ্ত পরিচয়।	১১১ - ১১৭
গ) বৈষ্ণব পদাবলির সংক্ষিপ্ত পরিচয় ঃ আলোচ্য কবি ঃ বিদ্যাপতি, চন্ডীদাস, জ্ঞানদাস ও গোবিন্দদাস।	১১৮ - ১২৩
ঘ) অনুবাদকাব্য ঃ রামায়ণ ও মহাভারত আলোচ্য কবি ঃ কৃত্তিবাস ওঝা ও কাশীরাম দাস	১২৪ - ১৩০

সূচিপত্র

ঙ) মঙ্গলকাব্য ঃ- মনসামঙ্গল, চন্ডীমঙ্গল ও ধর্মমঙ্গল - এর সাধারণ আলোচনা। আলোচ্য কবি ঃ- নারায়ণ দেব, মুকুন্দরাম চক্রবর্তী, ঘনরাম চক্রবর্তী।	১৩১ - ১৪০
চ) অন্নদামঙ্গলের সংক্ষিপ্ত পরিচয়। আলোচ্য কবি - ভারতচন্দ্র রায়।	১৪১ - ১৪৫
ছ) চৈতন্যজীবনী কাব্যের সংক্ষিপ্ত পরিচয়। আলোচ্য কবি -কৃষ্ণদাস কবিরাজ।	১৪৬ - ১৪৯
জ) আরাকান রাজসভার কবিদের কাব্যচর্চার গুরুত্ব। আলোচ্য কবিঃ- দৌলত কাজী ও সৈয়দআলাউল।	১৫০ - ১৫৬
ঝ) শাক্ত - পদাবলীর সংক্ষিপ্ত পরিচয়। আলোচ্য কবি ঃ- রামপ্রসাদ সেন ও কমলাকান্ত ভট্টাচার্য।	১৫৭ - ১৬৩
একক - ৫ ঃ- নাটক	১৬৪ - ১৮০
ক) মুকুট - রবীন্দ্রনাথ ঠাকুর (সম্পূর্ণ)	
একক - ৬ ঃ - অলংকার	১৮১ - ১৮২
শব্দালংকার ঃ- অনুপ্রাস, যমক, বক্রোক্তি, শ্লেষ অর্থালংকার ঃ- উপমা, রূপক, উৎপ্রেক্ষা, সমাসোক্তি (কোনো অলংকারের বিভাজন থাকবে না)	
একক - ৭ ঃ- নির্মিতি	১৮৩ - ২০০
ক) পত্র রচনা (ব্যক্তিগত পত্র, আবেদন পত্র, প্রতিষ্ঠানিক পত্র)	
খ) প্রদত্ত সংকেত অনুসারে গল্প রচনা।	
গ) প্রতিবেদন রচনা।	
একক - ৮ ঃ- আদর্শ প্রশ্নমালা	২০১ - ২০৩

ফুল্লরার বারমাস্যা

কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী

কবি পরিচিতি ঃ

মধ্যযুগের চণ্ডীমঙ্গল কাব্যের সর্বশ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্তী। কবির কাব্যে আত্মবিবরণী অংশ থেকে জানা যায়, ষোড়শ শতকের প্রথমার্ধে বর্ধমান জেলার দামুন্যা গ্রামে কবির জন্ম হয়। কবির পিতামহ জগন্নাথ মিশ্র, পিতার নাম হৃদয় মিশ্র এবং মাতা দৈবকী। ডিহিদার মামুদ শরিফের অত্যাচারে কবি সপরিবারে দেশত্যাগ করেন। মেদিনীপুরের জমিদার বাঁকুড়া রায়ের আশ্রয় লাভ করেন এবং তার পুত্র রঘুনাথ রায়ের শিক্ষার ভার নেন। দেবী চণ্ডীর স্বপ্নাদেশে এবং রঘুনাথ রায়ের পৃষ্ঠপোষকতাই তিনি 'অভয়ামঙ্গল' কাব্যটি রচনা করেন। রঘুনাথ রায় কবিকে 'কবিকঙ্কন' উপাধিতে ভূষিত করেন। মুকুন্দরামের কাব্য মানবজীবনরসে পূর্ণ। চরিত্রসৃষ্টিতে মুকুন্দরাম অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছেন। বাস্তবের মাটিতে দাঁড়িয়ে তিনি প্রথম মানবতার জয়গান করেছেন। এসব কারণে তাঁর চণ্ডীমঙ্গল কাব্যটি মধ্যযুগের বাংলা সাহিত্যে এক অভিনব সৃষ্টি।

কবিতার ভাববস্তু

মধ্যযুগীয় বাংলা সাহিত্যে **বাস্তবধর্মী** রচনার উজ্জ্বলতম দৃষ্টান্ত কবিকঙ্কণ রচিত 'চন্ডীমঙ্গল কাব্যে'র 'ফুল্লরার বারমাস্যা' কবিতাটি। ফুল্লরার বারমাস্যার মধ্যে আছে তৎকালীন গ্রাম বাংলার একটি যুগের প্রতিচ্ছবি। অভাব অনটন ছিল সাধারণ মানুষের প্রতিদিনের সাথী। তাই ছদ্মবেশিনী চন্ডীকে **সতীন** ভেবে ফুল্লরা তার সামনে বলে যায় তার বারোমাসের প্রতিদিনের **যন্ত্রণার** কথা। **দারিদ্র্য** যে কত ভয়ঙ্কর, তা জীবনকে কেমন পঙ্গু করে দেয়, তার জলন্ত বিবরণ ফুটে উঠেছে ফুল্লরার বর্ণনায়। তবে একথা সত্য যে কারো সহানুভূতি আকর্ষণের জন্য ফুল্লরা বারোমাসের দু:খের বিবরণ দেয়নি। এক অবাঞ্ছিত আগন্তুককে বিদায় করার জন্য এই প্রসঙ্গের অবতারণা। বস্তুত: এই **'বারমাস্যা'র** মধ্যে আছে কবিচিত্তের কৌতুক প্রবণতা, পরিবেশ সচেতনতা এবং দার্শনিক সুলভ নির্লিপ্ততা **প্রকাশ পেয়েছে।**

I. সঠিক উত্তর বাছাই : প্রতিটি প্রশ্নের মান : ১

১। 'ফুল্লরার বারমাস্যা' কবিতাটি 'চন্ডীমঙ্গল কাব্যে'র যে খন্ডের অন্তর্গত :-

(ক) দেব খন্ড, (খ) আখোটিক খন্ড, (গ) বনিক খন্ড, (ঘ) অন্ত্য খন্ড।

উঃ- (খ) আখেটিক খন্ড।

২। যে মাসের বর্ণনা দিয়ে ফুল্লরার বারমাস্যার সূচনা -

(ক) বৈশাখ, (খ) আষাঢ়, (গ) ভাদ্র, (ঘ) আশ্বিন।

উঃ- (ক) বৈশাখ।

নীচের সঠিক উত্তর বাছাই করো ঃ (✔)

১। নিরামিষ আহারের কথা কোন্ মাসে বলা হয়েছে ?

(ক) ভাদ্র মাসে (খ) বৈশাখ মাসে (গ) আশ্বিন মাসে (ঘ) অগ্রহায়ণ মাসে।

২। ফুল্লরা পাপিষ্ট বলেছে -

(ক) বৈশাখ মাসকে, (খ) জ্যৈষ্ঠ মাসকে, (গ) আষাঢ় মাসকে, (ঘ) শ্রাবণ মাসকে।

৩। জ্যৈষ্ঠ মাসে ফুল্লরা উপবাস যাপন করে -

(ক) বেঙচের ফল খেয়ে, (খ) আমানি খেয়ে, (গ) মাংস খেয়ে, (ঘ) খুদ-কুড়া খেয়ে।

৪। পৃথিবী জলময় হয়ে পড়ে -

(ক) জ্যৈষ্ঠ মাসে, (খ) আষাঢ় মাসে, (গ) ভাদ্র মাসে, (ঘ) চৈত্র মাসে।

৫। "সিতাসিত দুই পক্ষ একই না জানি" - 'সিতাসিত' হল -

(ক) ঠান্ডা ও গরম, (খ) ঝড়-বৃষ্টি, (গ) শুক্ল-কৃষ্ণ, (ঘ) রাত-দিন।

৬। শ্রাবণ মাসে ফুল্লরার আচ্ছাদনহীন শরীরে পড়ে -

(ক) মাংস জল, (খ) বৃষ্টির জল, (গ) কুয়াশার জল, (ঘ) ঘাম।

৭। নদনদী জলে একাকার হয়ে যায় -

(ক) আষাঢ় মাসে, (খ) শ্রাবণ মাসে, (গ) ভাদ্র মাসে, (ঘ) আশ্বিন মাসে।

৮। "কিরাত পাড়াতে বসি না মেলে উধার।" - কিরাত শব্দের অর্থ -

(ক) কর্মকার, (খ) তাঁতি, (গ) ব্যাধ, (ঘ) মিস্ত্রি।

৯। অম্বিকা পূজা যে মাসে হয় -

(ক) আশ্বিন, (খ) অগ্রহায়ণ, (গ) মাঘ, (ঘ) চৈত্র।

১০। শীত নিবারণের জন্য অভাগী ফুল্লরা পরে -

(ক) কাপড়, (খ) চাদর, (গ) কাঁথা, (ঘ) হরিণের ছড়।

১১। "মাস মধ্যে মাইশর আপনি ভগবান।" - "মাইশর' হল -

(ক) জ্যৈষ্ঠ মাস, (খ) অগ্রহায়ণ মাস, (গ) শ্রাবণ মাস, (ঘ) কার্তিক মাস।

১২। "পুরাণ খোসলা গায় দিতে করে পানি।" - 'খোসলা' হল -

(ক) কাঁথা, (খ) ছিন্নবস্ত্র, (গ) গাছের ছাল, (ঘ) হরিণের ছড়।

১৩। "তৈল তুলা তনূনপাৎ তাম্বুল তপন।" - 'তনূনপাৎ' শব্দের অর্থ -

(ক) পান, (খ) আগুন, (গ) শরীর, (ঘ) সূর্য।

১৪। মাঘ মাসে সর্বদাই পরিলক্ষিত হয় -

(ক) বৃষ্টি, (খ) কুয়াশা, (গ) রৌদ্র, (ঘ) মেঘ।

১৫। কাননে শাক তুলতে নেই যে মাসে -

(ক) শ্রাবণ, (খ) আশ্বিন, (গ) কার্তিক, (ঘ) মাঘ।

১৬। "শুন মোর বাণী রামা শুন মোর বানী" - 'রামা' বলে সম্বোধন করা হয়েছে -

(ক) ফুল্লরাকে, (খ) ছদ্মবেশিনী দেবী চন্ডীকে,

(গ) প্রতিবেশিনীকে, (ঘ) ফুল্লরার সতীনকে।

১৭। রমনীগণের যা পোড়ে —

(ক) মনের আগুনে, (খ) রৌদ্রে, (গ) আগুনে, (ঘ) বসন্ত-বাতাসে।

১৮। "মধুমাসে মলয়-মারুত বহে মন্দ।" - মধুমাস হল -

(ক) বৈশাখ মাস, (খ) ভাদ্র মাস, (গ) ফাল্গুন মাস, (ঘ) চৈত্র মাস।

১৯। "বনিতা-পুরুষ যত পীড়য়ে _____।" শূন্যস্থান পূরণ করো।

(ক) আগুনে, (খ) মদনে, (গ) অহংকার, (ঘ) ঈর্ষায়।

২০। "আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।" - 'আমনি' হল -

(ক) ভাত, (খ) জল, (গ) পান্তাভাতের জল। (ঘ) ফেন।

II. পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ প্রতিটি প্রশ্নের মান : ১

১) 'ফুল্লরার বারমাস্যা' কবিতাটির উৎস গ্রন্থের নাম কী?

উঃ- **'চন্ডীমঙ্গল কাব্যের আখেটিক খন্ড' থেকে গৃহীত।**

২) "বেঙচের ফল খায়্যা করি উপবাস।।" - 'বেঙচের ফল' কী?

উঃ- **বঁইচিফলকে বোঝানো হয়েছে।**

নীচের প্রশ্নগুলি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ

১। 'ফুল্লরার বারমাস্যা' কবিতাটি চন্ডীমঙ্গলকাব্যে কী নামে উল্লেখিত আছে?

উত্তর ঃ .....

২। বৈশাখ মাস ফুল্লরার কাছে বড়ো বিষাক্ত কেন ?

উত্তর ঃ .....

৩। "খরতর পোড়ে অঙ্গ রবির কিরণ।।" - এটি কোন্ মাসের কথা বলা হয়েছে?

উত্তর ঃ .....

৪। আষাঢ় মাসে গৃহস্থের কী অবস্থা হয় ?

উত্তর ঃ .....

৫। "মাংসের পসরা লয়্যা বুলি ঘরে ঘরে।" - কে মাংসের পসরা নিয়ে ঘরে ঘরে যায়?

উত্তর ঃ .....

৬। "কি কহিব দুঃখ মোর কহনে না যায়।" - কার দুঃখের কথা বলা হয়েছে?

উত্তর ঃ .....

৭। কোন্ মাসে দিন রাত বর্ষণ হয়?

উত্তর ঃ .....

৮। "কত মাছি খায় অঙ্গে করমের ফল।।" - কার কর্মের ফল?

উত্তর ঃ .....

৯। "কত শত খায় জোঁক" _____ কিন্তু কে দংশন করে না?

উত্তর ঃ .....

১০। "_____ মাসে বড় দুরন্ত বাদল।" - কোন্ মাসে?

উত্তর ঃ .....

১১। লঘুবৃষ্টি কুড়াতে সর্বদা কী বয়?

উত্তর ঃ .....

১২। অম্বিকা পূজা কী?

উত্তর ঃ .....

১৩। অম্বিকা পূজায় কী কী বলি দেওয়া হয়?

উত্তর ঃ .....

১৪। অম্বিকা পূজার সময় সবার ঘরে ঘরে কী থাকে?

উত্তর ঃ .....

১৫। হিমের জন্ম কোন্ মাসে?

উত্তর ঃ .....

১৬। "হাটে মাঠে গৃহে গোঠে সবাকার ধান।।" - কোন্ মাসে?

উত্তর ঃ .....

১৭। কোন্ মাসে সকলে সুখী?

উত্তর ঃ .....

১৮। "তুলি পাড়ি পাছুড়ি শীতের নিবারণ।।" - 'পাছুড়ি" শব্দের অর্থ কী?

উত্তর ঃ .....

১৯। কীসের ভয়ে ফুল্লরা শয়নকালে নয়ন মেলতে পারে না?

উত্তর ঃ .....

২০। "জানু ভানু কৃশানু শীতের পরিত্রান।।" - 'জানু ভানু কৃশানু' কী?

উত্তর ঃ .....

২১। "আন্ধারে লুকায় মৃগ না পায় আক্ষটি।" - 'আক্ষটি' শব্দের অর্থ কী?

উত্তর ঃ .....

২২। "সহজে শীতল ঋতু _____ যে মাসে।" - 'কোন্ মাসে?

উত্তর ঃ .....

২৩। মালতীর মধুকর কী পান করে?

উত্তর ঃ .....

২৪। কীসের দহনে ফুল্লরার অঙ্গ পোড়ে?

উত্তর ঃ .....

২৫। একত্র শয়ন করেও ফুল্লরার অঙ্গ পোড়ে?

উত্তর ঃ .....

২৬। "অনল সমান পোড়ে _____।" - কী?

উত্তর ঃ .....

২৭। "চালুসেরে বান্ধা দিনু _____।" - কী বান্ধক ছিল?

উত্তর ঃ .....

২৮। ফুল্লরার অভিলাষ কে বুঝেছিল?

উত্তর ঃ .....

২৯। "আজি হইতে মোর ধনে আছে তোর অংশ।" - কে কাকে একথা বলেছে?

উত্তর ঃ .....

৩০। কোন্ মাসে ফুল্লরা খুদ-কুড়া খেয়ে জীবন ধারণ করে?

উত্তর ঃ .....

৩১। শীতের সময় ফুল্লরা কী গায়ে দেয়?

উত্তর ঃ .....

III. সংক্ষেপে উত্তর লেখো ঃ

প্রতিটি প্রশ্নের মান : ৩ (৮০ শব্দের মধ্যে)

১। "পাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস পাপিষ্ট জ্যৈষ্ঠ মাস।"

- প্রসঙ্গ ব্যাখ্যা করো।

উঃ- 'চন্ডীমঙ্গল কাব্যে'র আখেটিক খন্ডের নায়িকা ফুল্লরা তার **বারোমাসের** দুঃখের বর্ণনা প্রসঙ্গে আলোচ্য

উক্তিটি করেছে। বৈশাখ থেকে চৈত্র এই প্রত্যেকটি মাসে তাকে কতটা প্রতিকূলতার সঙ্গে লড়াই করে বাঁচতে হয় সে কথাই সে সবিস্তারে জানিয়েছে। এই প্রসঙ্গে জ্যৈষ্ট মাসের বর্ণনায় ফুল্লরার ভাষায় - "পাপিষ্ট জ্যৈষ্ঠ মাসে প্রচন্ড তপন।" অর্থাৎ জ্যৈষ্ঠ মাসে রয়েছে প্রচন্ড গরমের দাপট। উপরন্তু লোভী চিল এসে ছোঁ মেরে মাংস নিয়ে যাওয়ার ভয়ে পিপাসার্ত অবস্থাতেই কাটাতে হয় তাকে। মাংস কেনার লোকও নেই হাটে। তাই তাদের সংসার চলে বেঙচের ফল খেয়ে।

নীচের প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ **মান — ৩**

১। "খরতর পোড়ে অঙ্গ রবির কিরণ।।"

- মাসটির বর্ণনা দাও।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

২। "কিছু খুদ-কুড়া মিলে উদর না পুরে।।"

- প্রসঙ্গ ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৩। "কত মাছি খায় অঙ্গে করমের ফল।।"

- উদ্ধৃতিটিতে বক্তার মানসিকতার স্বরূপ তুলে ধরো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৪। "লঘুবৃষ্টি কুড়াতে কুড়াতে সদাই বহে বান।।"

- তাৎপর্য ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৫। "কেহ না আদরে মাংস কেহ না আদরে।" -

- মাংস না কেনার কারন কী?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৬। "মাস মধ্যে মাইশর আপনি ভগবান।"

- বক্তা কেন 'মাইশর' কে শ্রেষ্ঠ বলেছে?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৭। 'বৃথা বনিতা-জনম বৃথা বনিতা-জনম।"

- নারীজন্মকে বৃথা বলার কারণ কী?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৮। "আন্ধারে লুকায় মৃগ না পায় আক্ষটি।"

- প্রসঙ্গ ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৯। "মধুমাসে মলয়-মারুত বহে মন্দ।"

- এই মাস ফুল্লরার জীবনে কী বার্তা বয়ে আনে?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

১০। "আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।"

- উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

IV. রচনাধর্মী প্রশ্ন ঃ **প্রতিটি প্রশ্নের মান : ৬ (১৫০ শব্দের মধ্যে)**

১। বারোমাসের দুঃখের বর্ণনা কে কাকে শুনিয়েছে? বর্ণনাটি সংক্ষেপে বিবৃত করো।

উঃ- ফুল্লরার জীবন ভীষণ দুঃখের। সে একথা কাউকে বলে সহানুভূতি কুড়োতে চায়নি এতদিন। কিন্তু আজ বিশেষ প্রসঙ্গে **সে** তার **বারোমাসের** দুঃখের বর্ণনা অসঙ্কোচে জানায় ছদ্মবেশিনী দেবী চন্ডীকে।

ফুল্লরা ষোড়শীকে তার **বারোমাসের** দুঃখ জানাতে গিয়ে বলেছে বৈশাখ মাসে **কেউ মাংস খায় না, তাই তার অভাব, জ্যৈষ্ঠ** মাসে প্রচন্ড গরম, আষাঢ়ে নতুন মেঘের জল, শ্রাবণে মুষল ধারে বয়, আর ভাদ্র মাসের মেঘ বড় দুরন্ত। আশ্বিনে অম্বিকা পূজায় বলি দেওয়ার ফলে কেউ মাংস কেনে না, তাই উপবাস করে থাকতে হয়। কার্তিক অগ্রহায়ণ মাসের শীতে গায়ে দেবার মত কোনো কাপড় থাকে না। পৌষ মাসে আগুনে শীত নিবারণ করে। মাঘ মাসে সর্বদা কুয়াশার জন্য হরিণ লুকিয়ে পড়ে। ফাল্গুন চৈত্র মাসে অন্যান্য নারী পুরুষ যখন 'পীড়য়ে মদনে' তখন ফুল্লরার অঙ্গ

পোড়ে পেটের খিদেয়। আগুন সমান চৈত্র মাসের খড়া। তাকে একসের চাল আনার জন্য শেষ সম্বল মাটির পাথর বন্ধক দিতে হয়। এ সবই তার কর্মফল। ফুল্লরা তার দুঃখ অবধানের কথা বলেছে। আরও বলেছে সব বাঁধা দেবার ফলে আমানি খায় গর্ত করে। এইভাবে **বারোমাসের** দুঃখের বর্ণনার মধ্য দিয়ে দারিদ্র্যের যে জলন্ত ছবি কবি এঁকেছেন মধ্যযুগের বাংলা কাব্যে তা তুলনা রহিত।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

১। "ফুল্লরার বারমাস্যা' কবিতাটি অবলম্বনে মধ্যযুগের সমাজ জীবনের পরিচয় দাও। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। 'ফুল্লরার বারমাস্যা' কবিতায় ফুল্লরার যে চারিত্রিক **বৈশিষ্ট্য** ফুটে উঠেছে তা নিজের ভাষায় **বিশ্লেষণ** করো। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। 'ফুল্লরার বারমাস্যা' কবিতায় বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসের যে বর্ণনা রয়েছে তা নিজের ভাষায় তুলে ধরো। ৩+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৪। 'উদর ভরিয়া অন্ন দৈবে ছিল যদি।

যম সম শীত তথি নিরমিল বিধি।।"

- উদ্ধৃতিটির উৎস নির্ণয় করো। এখানে কোন্ মাসের কথা বলা হয়েছে? 'যম সম শীত' ফুল্লরার জীবনে কী প্রভাব ফেলেছিল? ১+১+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৫। "বনিতা পুরুষ যত পীড়য়ে মদনে।

ফুল্লরার অঙ্গ পুড়ে উদর দহনে।।" ১+২+৩=৬

- উদ্ধৃতাংশটি কোন্ কবিতার অংশ? কে কাকে একথা বলেছে? সপ্রসঙ্গ উদ্ধৃতাংশটির অর্থ বুঝিয়ে দাও।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৬। "দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।

আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান।।"

- উদ্ধৃতাংশটির উৎস নির্দেশ করো। বক্তা কাকে একথা বলেছে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

বঙ্গভাষা

মাইকেল মধুসূদন দত্ত

(১৮২৪-১৮৭৩)

কবি পরিচিতি ঃ

মহাকবি মাইকেল মধুসূদন দত্ত বাংলা কাব্য জগতে সনেট ও অমিত্রাক্ষর ছন্দের সূচনা করেন। ১৮২৪ সালে ২৫ জানুয়ারী যশোর জেলার সাগরদাঁড়ি গ্রামে এক জমিদার বংশে জন্মগ্রহণ করেন। পিতা রাজনারায়ণ দত্ত ছিলেন কোলকাতার একজন প্রতিষ্ঠিত উকিল এবং মাতা জাহ্নবী দেবী। হিন্দু কলেজে অধ্যয়নকালেই মধুসূদনের প্রতিভার বিকাশ ঘটে। মধুসূদন যৌবনে খ্রিস্টধর্ম গ্রহণ করে মাইকেল মধুসূদন নাম গ্রহণ করেন এবং পাশ্চাত্য সাহিত্যের দুর্নিবার আকর্ষণবশত ইংরেজি ভাষায় সাহিত্য রচনায় মনোনিবেশ করেন। জীবনের দ্বিতীয় পর্বে মধুসূদন আকৃষ্ট হয়েছিলেন নিজের মাতৃভাষা বাংলার প্রতি। এই সময়ে তিনি বাংলা ভাষায় নাটক, প্রহসন ও কাব্যরচনা করে বাংলা সাহিত্যে নব যুগের উন্মেষ ঘটান। তাঁর রচিত সর্বশ্রেষ্ঠ মহাকাব্য 'মেঘনাদবধ কাব্য'। এছাড়া তাঁর উল্লেখযোগ্য রচনা 'তিলোত্তমাসম্ভব কাব্য', বীরাঙ্গনা', 'ব্রজাঙ্গনা', 'চতুর্দশপদী' কবিতাবলী ইত্যাদি। 'শর্মিষ্ঠা', 'কৃষ্ণকুমারী', 'পদ্মাবতী', 'একেই কি বলে সভ্যতা' তাঁর উল্লেখযোগ্য নাট্যসাহিত্য, মাইকেলের ব্যক্তিগত জীবন ছিল নাটকীয় এবং বেদনাঘন। মাত্র ৪৯ বছর বয়সে এই মহাকবির মৃত্যু হয়।

কবিতার ভাববস্তু

বাংলা সাহিত্যের প্রথম সনেট রূপে মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' একটি বিশিষ্ট কবিতা। কবিতাটি 'চতুর্দশপদী কবিতাবলী' গ্রন্থ থেকে সংকলিত। অক্ষরবৃত্ত ছন্দে রচিত এই কবিতায় কবির সুগভীর হৃদয়াবেগ তাঁর নিজের জীবনের দুঃখ দুর্দশার বর্ণনার মধ্য দিয়ে প্রকাশিত। স্বদেশ ও মাতৃভাষার প্রতি কবির গভীর অনুরাগ ও শ্রদ্ধাবোধ ফুটে উঠেছে কবিতার প্রতি ছত্রে। একই সঙ্গে বাংলা ভাষা ও সাহিত্যের বিপুল ঐশ্বর্য ও সম্ভাবনার কথা ব্যক্ত হয়েছে কবির সুনিপুন বর্ননায়।

I. সঠিক উত্তর বাছাই করো ঃ

প্রতিটি প্রশ্নের মান : ১

১। 'বঙ্গভাষা' কবিতাটি -

(ক) চতুর্দশপদী কবিতা, (খ) ত্রিপদী কবিতা, (গ) চৌপদী কবিতা, (ঘ) কোনোটিই নয়।

উঃ- (ক) চতুর্দশপদী কবিতা।

২। 'বঙ্গভাষা' কবিতায় কবির উপলব্ধি -

(ক) বিদেশে গিয়ে ভুল করেছেন।

(খ) বাংলা ভাষার শ্রেষ্ঠ সাহিত্য রচনা সম্ভব নয়।

(গ) পদ্মবন ভুলে গিয়ে শ্যাওলা নিয়ে খেলা করেছেন।

(ঘ) বাংলা শ্যাওলা আর বিদেশি ভাষা পদ্ম।

উঃ- (গ) পদ্মবন ভুলে গিয়ে শ্যাওলা নিয়ে খেলা করেছেন।

নীচের প্রশ্নগুলির সঠিক উত্তর বাছাই করো ঃ (✔)

১। 'বঙ্গভাষা' কবিতায় প্রতি চরণে মাত্রা সংখ্যা -

(ক) ১০টি, (খ) ১২টি, (গ) ১৪টি, (ঘ) ১৬টি।

২। "হে বঙ্গ! _____ তব বিবিধ রতন" - কোথায়?

(ক) গর্ভে, (খ) খনিতে, (গ) জলে, (ঘ) ভান্ডারে।

৩। "পর-ধন লোভে মত্ত" - 'পর-ধন' বলতে কবি বুঝিয়েছেন?

(ক) পাশ্চাত্য সাহিত্য, (খ) বাংলা ভাষা, (গ) সোনা-রূপা, (ঘ) মণি-মুক্তা।

৪। "পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি" - - পরদেশ মানে _____

(ক) বিদেশ, (খ) স্বদেশ, (গ) (ঘ) প্রতিবেশী দেশ।

৫। কবি কায়, মন সঁপেছেন _____

(ক) সাধনায়, (খ) আহারে, (গ) নিদ্রায়, (ঘ) অনিদ্রায়, নিরাহারে।

৬। "কেলিনু শৈবালে;" _____ 'কেলিনু' শব্দের অর্থ -

(ক) নৃত্য করলাম, (খ) খেলা করলাম, (গ) জড়ো করলাম, (ঘ) তুলে নিলাম।

৭। কবিকে ঘরে ফিরে যেতে বলেছেন -

(ক) কাব্যলক্ষ্মী, (খ) দেবী সরস্বতী, (গ) কুললক্ষ্মী, (ঘ) দেবী তারা।

৮। মাতৃভাষা রূপ খনি পরিপূর্ণ -

(ক) স্বর্ণে, (খ) মনিজালে, (গ) মুক্তায়, (ঘ) হীরায়।

II. পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ প্রতিটি প্রশ্নের মান : ১

১। 'বঙ্গভাষা' কবিতাটি কোন্ ছন্দে রচিত?

উঃ- অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

২। বাংলা ভাষাকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন?

উঃ- কমল-কানন এর সঙ্গে তুলনা করেছেন।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

১। 'বঙ্গভাষা' সনেট প্রথমে কী নামে লেখা হয়?

উত্তর ঃ .....

২। 'বঙ্গভাষা' কবিতার কোন্ চরণগুলো সেক্সপীয়রীয় রীতিতে লেখা?

উত্তর ঃ .....

৩। 'হে বঙ্গ! ভান্ডরে তব বিবিধ রতন," - 'বঙ্গ ভান্ডার' বলতে কবি কী বুঝিয়েছেন?

উত্তর ঃ .....

৪। কবি নিজেকে কী বলে ধিক্কার দিয়েছেন?

উত্তর ঃ .....

৫। "মজিনু বিফল তপে **অবরেণ্যে** বরি," - **'অবরেণ্যে'** বলতে কবি কী **বুঝিয়েছেন**?

উত্তর ঃ .....

৬। "কেলুনি শৈবালে; ভুলি কমল-কানন!"- শৈবাল শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

উত্তর ঃ .....

৭। "ভুলি কমল-কানন!" - এখানে 'কমল-কানন! 'শব্দের ব্যঞ্জনার্থ কী?

উত্তর ঃ .....

৮। 'বঙ্গভাষা' কবিতায় 'কুললক্ষ্মী' বলতে কাকে বোঝানো হয়েছে?

উত্তর ঃ .....

৯। "পালিলাম আজ্ঞা সুখে; পাইলাম কালে" - কে পেয়েছেন?

উত্তর ঃ .....

১০। "**পাইলাম** কালে' - কী পেয়েছিন।?

উত্তর ঃ .....

১১। মনিজাল শব্দের অর্থ কী?

উত্তর ঃ .....

১২। "যা ফিরি, অজ্ঞান - তুই, যা রে ফিরি ঘরে!" - কে কাকে একথা বলেছেন?

উত্তর ঃ .....

III. সংক্ষেপে উত্তর লেখো ঃ **প্রতিটি প্রশ্নের মান : ৩ (৮০ শব্দের মধ্যে)**

১.। "কেলুনি শৈবাল; ভুলি কমল-কানন!"

- 'শৈবাল' ও 'কমল-কানন' এর তাৎপর্য কী?

উঃ- 'বঙ্গভাষা' কবিতা থেকে গৃহীত উদ্ধৃতাংশটিতে কবি বাংলা ভাষাকে পদ্মের আর ইংরেজি ভাষাকে শ্যাওলার সঙ্গে তুলনা করেছেন। কবির বক্তব্য অনুযায়ী, স্বদেশ ও মাতৃভাষাকে অবহেলা করে তিনি বিদেশী সাহিত্যে খ্যাতি অর্জনের চেষ্টা করেছেন এবং এতে তিনি বিফল হয়েছেন। ক্রমে তিনি বুঝতে পেরেছেন যে মাতৃভাষাকে বাদ দিয়ে বিদেশী ভাষা চর্চার মাধ্যমে পূর্ণ সফলতা সম্ভব নয়। এযেন পদ্মবনকে উপেক্ষা করে শ্যাওলা নিয়ে খেলা করা।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ **মান : ৩**

১। "হে বঙ্গ! ভান্ডারে তব বিবিধ রতন,"

- 'ভান্ডারে' ও 'বিবিধ রতন' বলতে কবি কী বুঝিয়েছেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

২। "ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি'- ভিক্ষাবৃত্তি আচরণের কারণ কী?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৩। মজিনু বিফল তপে **অবরেণ্যে** বরি, বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৪। "স্বপ্নে তব কুললক্ষ্মী, কয়ে দিলা পরে" - কুললক্ষ্মী কী বলে দিলেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৫। "এ ভিখারি-দশা **তবে** কেন তোর আজি?" - 'ভিখারি-দশা'র কারণ কী?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

IV. রচনাধর্মী প্রশ্ন ঃ **প্রতিটি প্রশ্নের মান : ৬ (১৫০ শব্দের মধ্যে)**

১। 'বঙ্গভাষা' কবিতায় কবির মাতৃভাষার প্রতি যে গভীর অনুরাগ ব্যক্ত হয়েছে তা লেখো।

উঃ- 'বঙ্গভাষা' কবিতাটি কবি মাইকেল মধুসূদন দত্তের মাতৃভাষা বাংলার প্রতি অপরিমেয় ভালোবাসার প্রকাশ করেছেন। কবিতাটিতে বাংলা ভাষার মাধুর্য ও এর প্রতি কবির গভীর অনুরাগ পরিলক্ষিত হয়। কিন্তু একসময় এই মাতৃভাষাকে উপেক্ষা করে ইরেজি ভাষায় কাব্য রচনার যে প্রয়াস সে সময়ে তিনি করেছিলেন তা যে ব্যর্থ ছিল তা তিনি শেষ পর্যন্ত বুঝতে পারেন। তাই বিদেশি সাহিত্যকে পরধন বিবেচনা করে তিনি ভিক্ষাবৃত্তির সমতুল্য মনে করেছেন। নিজের **ভাষাকে** উপেক্ষা করে অন্য ভাষার সম্পদের দারস্থ হওয়ার জন্য কবির অনুশোচনা ও আত্মসমালোচনার বোধ কবিতায় প্রকাশিত। মাতৃভাষা ও সাহিত্যের ভান্ডার যে খনির মতো **অনন্ত** রত্নসম্পদের আকর। খনি থেকে যেমন বহু বিচিত্র রত্ন লাভ করা যায় তেমনি বাংলা ভাষা ও সাহিত্য বিপুল ঐশ্বর্য ও সম্ভাবনায় ভরপুর। আর এই মাতৃভাষায় সাহিত্য রচনার পরিতৃপ্তির কথাই কবি কবিতায় বলেছেন। মাতৃভাষা সাহিত্য চর্চার **মূলে** কবি যে গভীর **প্রেরণা** অনুভব করেছিলেন তাকে তিনি বাংলা ভাষার অধিষ্ঠাত্রী দেবীর স্বপ্নাদেশ বলে কল্পনা করেছেন।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

১। 'বঙ্গভাষা' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। "তা সবে, অবোধ আসি! অবহেলা করি,"

- 'তা সবে' বলেতে কবি কী বুঝিয়েছেন? তিনি নিজেকে অবোধ বলেছেন কেন? অবহেলা করে কবি কী করেছেন? ১+২+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। "পালিলাম আজ্ঞা সুখে; পাইলাম কালে"

- কে কী আজ্ঞা পালন করলেন? কী পাওয়ার কথা বলা হয়েছে? ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

প্রার্থনা

রবীন্দ্রনাথ ঠাকুর

কবি পরিচিতি : (১৮৬১-১৯৪১)

বাংলা সাহিত্যের প্রাণপুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালির চিরন্তন গর্ব। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্ম ১৮৬১ খ্রিস্টাব্দে ৭ই মে (১২৬৮ বঙ্গাব্দ, ২৫শে বৈশাখ) উত্তর কলকাতার জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে। পিতামহ ছিলেন প্রিন্স দ্বারকানাথ ঠাকুর, পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর এবং মাতা সারদা দেবী। স্কুল কলেজের প্রথাগত শিক্ষালাভ না করলেও ঠাকুরবাড়ির ঐতিহ্যময় পরিবেশে গৃহশিক্ষকের কাছে রবীন্দ্রনাথ বিদ্যাশিক্ষার পাশাপাশি সংগীত এবং অঙ্কনে পারদর্শী হয়ে ওঠেন। শৈশবকাল থেকেই রবীন্দ্রনাথ কবিতা রচনা শুরু করেন। ছাপার অক্ষরে তাঁর প্রথম কবিতা 'হিন্দুমেলার উপহার'। বাংলা সাহিত্যের সব শাখাতেই তাঁর দান বিস্ময়কর ও অপরিমেয়। কবিতা ছাড়াও ছোট গল্প, উপন্যাস, পত্র সাহিত্য, নাটক, প্রবন্ধ, সংগীত প্রভৃতি নানা বিষয়ে সাহিত্য রাশি রচনা করে বাংলা সাহিত্যকে বিশ্বের অন্যতম সাহিত্যরূপে প্রতিষ্ঠিত করেছেন। তাঁর রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থগুলি হল- 'প্রভাত সংগীত', 'সন্ধ্যাসংগীত' 'কড়ি ও কোমল', 'মানসী', 'সোনারতরী', 'চিত্রা', 'চৈতালী', 'গীতাঞ্জলি', 'গীতালি', 'গীতিমাল্য', 'বলাকা', 'মহুয়া', 'খেয়া', 'পূরবী', 'প্রান্তিক', 'নৈবেদ্য', 'আরোগ্য', প্রভৃতি। ১৯১৩ সালে 'গীতাঞ্জলি' কাব্যের ইংরেজী অনুবাদ '**Song offerings**' এর জন্য নোবেল পুরস্কার লাভ করেন। ১৯০১ সালে শান্তিনিকেতন প্রতিষ্ঠা করেন যা বিশ্বভারতীরূপে তাঁর গঠনমূলক কর্মপ্রতিভার অবিস্মরণীয় কীর্তি। ভারত ও বাংলাদেশ দুটি স্বাধীন রাষ্ট্রের 'জাতীয় সংগীত' এর রচয়িতা বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর। তাই কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায় যথার্থ বলেছেন, "কবিগুরু তোমার প্রতি চাহিয়া আমাদের বিস্ময়ের সীমা নাই" এই প্রকৃতি প্রেমী কবির প্রয়ান ঘটে ১৯৪১ খ্রিস্টাব্দে ৮ই অগাস্ট (১৩৪৮ বঙ্গাব্দ ২২শে শ্রাবন)।

উৎসগ্রন্থ - কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত 'প্রার্থনা' কবিতাটি 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের অন্তর্গত।

কবিতার ভাববস্তু

কবি মানবজীবনকে ভালোবাসেন। তাই তিনি তার বিকাশের সম্পূর্ণ স্বাধীনতা চান। আচার-সংস্কার প্রথা রীতি যেখানে জীবনের স্বাভাবিক গতিকে রুদ্ধ করে সেখানে কবি তাকে নির্মম আঘাত করেন। 'প্রার্থনা' কবিতায় রবীন্দ্রনাথ যে, প্রার্থনা করেছেন তা সর্বসংস্কারযুক্ত বলিষ্ট হৃদয়ের প্রার্থনা। যে ভারতবর্ষের কল্পনা তিনি করেছেন সেখানে থাকবে নির্ভীক চিত্ত, উচ্চ শির, উন্মুক্ত জ্ঞানচর্চা, হৃদয়ে সত্য ভাষণ, উপেক্ষিত কুসংস্কারহীন সমাজ ও দীপ্ত, পৌরুষ। তাই কবি ঈশ্বর তথা সর্বশক্তিমানের কাছে প্রার্থনা করেছেন যেন তিনি তাঁর নিজ হাতে ভারতবর্ষকে সেইরকম একটি মুক্ত দেশে পরিণত করেন। যে ভারতবর্ষ থেকে মুক্ত হবে। ভেদাভেদ, উচ্চ-নীচ, মিথ্যা, অত্যাচার, কুসংস্কার ও অন্ধ বিশ্বাস। আর তখনই ভারত হয়ে উঠবে স্বর্গরাজ্য।

I. সঠিক উত্তর বাছাই করো ঃ **প্রতিটি প্রশ্নের মান : ১**

১। কবির স্বপ্নময় ভারতবর্ষ জ্ঞান হবে -

(ক) মুক্ত, (খ) ভয়শূন্য, (গ) খন্ড, (ঘ) তুচ্ছ।

উঃ- (ক) মুক্ত।

২। "আপন প্রাঙ্গনতলে _____।" শূন্যস্থান পূরণ করো।

(ক) বসুধা, (খ) রাত্রিদিন, (গ) দিবসশর্বরী, (ঘ) দিনশর্বরী।

উঃ- (গ) দিবসশর্বরী।

নীচের প্রশ্নগুলির সটিক উত্তর বাছাই করো ঃ (✔)

১। কবির ধ্যানের ভারতবর্ষে চিত্ত হবে -

(ক) খন্ড, (খ) ভয়শূন্য, (গ) **মুক্ত,** (ঘ) প্রসারিত।

২। "উচ্চ যেথা _____।" শূন্যস্থান পূরণ করো।

(ক) শির, (খ) হাত, (গ) প্রাসাদ, (ঘ) মন।

৩। বসুধাকে খন্ড ক্ষুদ্র করে রাখে নি -

(ক) গৃহের প্রাচীর, (খ) দেওয়াল, (গ) প্রাচীর, (ঘ) সীমানা।

৪। গৃহের প্রাচীরের অন্তর্গত -

(ক) কুটির, (খ) প্রাঙ্গনতল, (গ) উঠোন, (ঘ) বারান্দা।

৫। বাক্য **উচ্ছ্বসিত** হয়ে উঠে -

(ক) অন্তঃস্থল, (খ) হৃদয় থেকে, (গ) হৃদয়ের উৎসমুখ থেকে, (ঘ) মন থেকে।

৬। কর্মধারা ধায় -

(ক) দিশে দিশে, (খ) দেশে দেশে দিশে দিশে, (গ) দেশে, (ঘ) দেশে দেশে।

৭। 'তুচ্ছ আচার'কে তুলনা করা হয়েছে -

(ক) মরুবালুরাশির সঙ্গে, (খ) মরুভূমির সঙ্গে, (গ) বালির সঙ্গে, (ঘ) মরুদেশের সঙ্গে।

৮। বিচারের স্রোতঃপথ গ্রাস করেনি -

(ক) তুচ্ছ আচারের মরুবালুরাশি, (খ) তুচ্ছ আচার, (গ) কুসংস্কার, (ঘ) নিয়ম নীতি।

৯। 'তুচ্ছ আচারের মরুবালুরাশি' শতধা করেনি -

(ক) পুরুষত্বকে, (খ) বীর্যকে, (গ) পৌরুষেরে , (ঘ) পুরুষকে।

১০। 'বিচারের _____ ফেলে নাই গ্রাসি।" শূন্যস্থান পূরণ করো।

(ক) মরুপথ, (খ) স্রোতঃপথ, (গ) জলপথ, (ঘ) **স্থলপথ**।

১১। "নিজ হস্তে নির্দয় আঘাত করি," - যাকে সম্বোধন করে একথা বলা হয়েছে -

(ক) পিতা, (খ) মাতঃ, (গ) পিতঃ, (ঘ) ভ্রাতা।

II. পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ **প্রতিটি প্রশ্নের মান : ১**

১। 'দেশে দেশে দিশে দিশে কর্মধারা' কীভাবে ধায়?

উঃ- নির্বারিত স্রোতে।

২। "ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত।।" - কোন্ স্বর্গের কথা কবি বলেছেন।?

উঃ- যে স্বর্গে থাকবে নির্ভীক চিত্ত, উন্নত শির, মুক্ত জ্ঞানচর্চা, অকপট হৃদয়ের সত্য ভাষণ, উপেক্ষিত কুসংস্কার ও দীপ্ত পৌরুষ।

পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ **মান — ১**

১। 'প্রার্থনা' 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

উত্তর ঃ .....

২। 'প্রার্থনা' কী জাতীয় কবিতা?

উত্তর ঃ .....

৩। কবি তাঁর ধ্যানের ভারতবর্ষে প্রথমেই কী দেখতে চান?

উত্তর ঃ .....

৪। গৃহের প্রাচীর কোথায় বসুধাকে খন্ড ক্ষুদ্র করে রাখবে না?

উত্তর ঃ .....

৫। বাক্য কোথা থেকে উচ্ছ্বসিত হয়ে উঠে?

উত্তর ঃ .....

৬। কী লক্ষ্যে দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধাবিত হয়?

উত্তর ঃ .....

৭। মরুবালুরাশি কীসের সঙ্গে তুলনীয়?

উত্তর ঃ .....

৮। বিচারের স্রোতঃপথকে কে গ্রাস করে ফেলেনি?

উত্তর ঃ .....

৯। 'তুচ্ছ আচারের মরুবালুরাশি' পৌরুষকে কী করেনি?

উত্তর ঃ .....

১০। 'সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা' কে?

উত্তর ঃ .....

১১। কবি কাকে নিজ হাতে নির্দয় আঘাত করার কথা বলেছেন?

উত্তর ঃ .....

১২। "ভারতেরে সেই _____ করো জাগরিত।" - কোথায় জাগরিত করার কথা বলা হয়েছে?

উত্তর ঃ .....

III. সংক্ষেপে উত্তর দাও ঃ

প্রতিটি প্রশ্নের মান : ৩ (৮০ শব্দের মধ্যে)

১। "চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির," - উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

উঃ- আলোচ্য উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের একটি নতুন এবং জাগ্রত ভারত সম্পর্কে দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করে। তাঁর সেই ধ্যানের ভারত কেমন হবে তারই বর্ণনা 'প্রার্থনা' কবিতায় দিয়েছেন। কবি যে স্বপ্নময় ভারতবর্ষকে দেখতে চান সেখানে ভারতবাসী হৃদয় হবে ভয়শূন্য অর্থাৎ এক নির্ভীক চিত্ত ভারতবাসীর কল্পনা তিনি করেছেন। এই ভারতবাসীরা ভয়ের কাছে মাথা নত করবে না, বরং তারা সর্বদা মাথা উঁচু করে সম্মানের সঙ্গে বাঁচতে শিখবে।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

মান — ৩

১। "জ্ঞান যেথা মুক্ত," - কবি কোথায় মুক্ত জ্ঞানের কল্পনা করেছেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

২। "তুচ্ছ আচারের মরুবালুরাশি..."- উদ্ধৃতাংশটির মধ্য দিয়ে কবি কী বলতে চেয়েছেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৩। "বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি" - উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

৪। পৌরুষরে করেনি শতধা...."- কে, কার পৌরুষেরে শতধা করেনি?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৫। "ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত।।" - ব্যাখ্যা করো ?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

IV. সংক্ষেপে উত্তর : **প্রতিটি প্রশ্নের মান : ৬ (১৫০ শব্দের মধ্যে)**

১। 'প্রার্থনা' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো।

উঃ- 'প্রার্থনা' কবিতায় কবি এক ধ্যানের ভারতবর্ষকে চিত্রায়িত করেছেন, সেখানে থাকবে নির্ভীক চিত্ত, উচ্চ শির, উন্মুক্ত জ্ঞানচর্চা। যেখানে মানুষ ভেদাভেদ ছাড়া বসবাস করবে একত্রে। সেখানে ধনী দরিদ্র বলে কোনো সীমারেখা থাকবে না। যেখানে মানুষ হৃদয়ের কথা বলবে নির্দ্বিধায়। অর্থাৎ যেখানে হৃদয় থেকে সত্য উচ্ছ্বসিত হবে। যেখানে মানুষের কর্মধারা অবাধ স্রোতের মত দেশ-বিদেশে ছড়িয়ে পড়বে। যেখানে তুচ্ছ আচার-আচরণ, অযৌক্তিক প্রথা ও রীতি-নীতি দিয়ে জ্ঞান ও বিচারকে আটকে দেওয়া অসম্ভব। অর্থাৎ যেখানে মুক্তি ও জ্ঞান কুসংস্কার অন্ধ বিশ্বাসের কাছে হেরে যাবে না। এই মর্মে কবি ঈশ্বর তথা সর্বশক্তিমানের কাছে প্রার্থনা করেছেন, তিনি যেন তাঁর নিজ হাতে নির্দয় আঘাত করে ভারতবাসীর চেতনা-চৈতন্যকে জাগরিত করেন। কবিতায় কবির এই প্রার্থনা এক সর্বসংস্কারমুক্ত বলিষ্ট হৃদয়ের প্রার্থনা। আচার-সংস্কার প্রথা-রীতি যেখানে জীবনের স্বাভাবিক মহিমাকে খর্ব করে সেখানে কবি তাকে নির্মম আঘাত করেন। কবিহৃদয়ের এই ভাবই প্রার্থনা কবিতায় পরিস্ফুট।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ **মান : ৬**

১। "যেথা গৃহের প্রাচীর/আপন প্রাঙ্গনতলে দিবসশর্বরী / বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি," - ১+১+৪=৬

- উদ্ধৃতাংশটির উৎস নির্দেশ করো। যেথা বলতে কবি কী বুঝিয়েছেন? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। "যেথা নির্বারিত স্রোতে / দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়...."

- 'নির্বারিত স্রোতে, বলতে কবি কী বুঝিয়েছেন? কর্মধারা কীভাবে ধাবিত হয়? ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। "নিজ হস্তে নির্দয় আঘাত কবি, পিতঃ,

ভারতের সেই স্বর্গে করো জাগরিত।।"

- উদ্ধৃতাংশটি কোন্ কবিতার অন্তর্গত ? কবি কাকে 'পিতঃ' বলে সম্বোধন করেছেন? তিনি কাকে আঘাত করবেন? এখানে ভারতকে কোন্ স্বর্গে জাগাবার কথা কবি বলেছেন? ১+১+১+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

মধ্যাহ্ন

অনঙ্গমোহিনী দেবী

(১৮৬৪-১৯১৮)

কবি পরিচিতি ঃ

ত্রিপুরার একজন বিখ্যাত লেখিকা রাজকুমারী অনঙ্গ মোহিনী দেবী। ত্রিপুরার মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুরের জ্যেষ্ঠ কন্যা ছিলেন রাজকুমারী অনঙ্গ মোহিনী দেবী। শৈশবকাল থেকেই তিনি কবিতা লিখতে শুরু করেন এবং পিতা মহারাজার উৎসাহে তাঁর কবিত্ব শক্তির বিকাশ ঘটে। অনঙ্গ মোহিনী দেবীর কবিতার ভাষারীতি সহজ, সরল এবং আন্তরিক। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কবি অনঙ্গ মোহিনী দেবীর কাব্য প্রতিভার প্রশংসা করেছেন। তাঁর রচিত কাব্যগ্রন্থগুলি 'কণিকা', 'শোকগাথা', 'প্রীতি' প্রভৃতি।

উৎসগ্রন্থ ঃ কবি অনঙ্গ মোহিনী দেবীর রচিত 'কণিকা' কাব্যগ্রন্থ থেকে 'মধ্যাহ্ন' কবিতাটি গৃহীত হয়েছে।

কবিতার ভাববস্তু

আমাদের সুখ দুঃখের জগৎ ছেড়ে প্রকৃতি কেন্দ্রিক একটি ঝোঁক রোমান্টিক কবিদের মধ্যে দেখা যায়। কবি অনঙ্গমোহিনীর মধ্যেও আমরা তাই দেখি। 'কণিকা'য় যে বারোটি কবিতা রয়েছে তার মধ্যে 'মধ্যাহ্ন' কবিতাটি প্রকৃতিকে কেন্দ্র করেই রচিত। কবিতাটিতে প্রকৃতিকে নিবিড়ভাবে **পর্যবেক্ষণের** প্রয়াস বিশেষভাবে পরিলক্ষিত। কবির **প্রকৃতির প্রতি** ভাবাবেগ এখানে বেশ সক্রিয়। কবিতায় সুন্দর চিত্রকল্পের ব্যবহারও বিশেষ লক্ষণীয়। কবি কবিতায় মধ্যাহ্নের ক্লান্ত **প্রকৃতির** অবস্থার যে ছবি এঁকেছেন, তাতে ভাষার কোনো কারুকার্য নেই, নেই কোনো উপমা অলংকারের প্রাচুর্য শুধু আন্তরিকতার গুণে চিত্রটি হয়ে উঠেছে সজীব ও প্রাণবন্ত।

I. সঠিক উত্তর বাছাই করো : *প্রতিটি প্রশ্নের মান : ১*

১। "প্রখর রবির তাপ বেলা _____।" শূন্যস্থান পূরণ করো।

(ক) চারপ্রহর (খ) একপ্রহর, (গ) দ্বিপ্রহর, (ঘ) দ্বিপ্রহর।

উঃ- (ঘ) দ্বিপ্রহর।

২। পান্থ ঘুমিয়ে পড়েছে -

(ক) শস্যক্ষেত্রে, (খ) অশ্বত্থ তরুর মূলে, (গ) পথপ্রান্তে, (ঘ) গাছের ছায়ায়।

উঃ- অশ্বত্থ তরুর মূলে।

নীচের প্রশ্নগুলির সঠিক উত্তর বাছাই করো ঃ (✔)

১। উষ্ণ বায়ু বইছে -

(ক) সর সর, (খ) তর তর, (গ) শন্, শন্, (ঘ) ঝম্ ঝম্।

২। শুভ্র মেঘখন্ডগুলি ভেসে ভেসে যায় -

(ক) পাহাড়ের গায়, (খ) শরতের সুনীলিম আকাশের গায়।

(গ) বসন্তের সুনীলিম আকাশের গায়, (ঘ) নীলাকাশের গায়।

৩। ডেকে ডেকে উড়ে যায় -

(ক) শালিক, (খ) পায়রা, (গ) চিল, (ঘ) খঞ্জন।

৪। শস্যক্ষেত্র -

(ক) সবুজ, (খ) পীতবর্ণ, (গ) লাল, (ঘ) নীল।

৫। প্রভাকর বর্ষণ করছে -

(ক) তপ্তকর, (খ) আলো, (গ) রশ্মি, (ঘ) জ্যোতি।

৬। শরতের ভরা নদীর স্রোত -

(ক) বেগবান, (খ) ধীর, (গ) খরতর, (ঘ) প্রখর।

৭। কৃষকের ছোট ঘর শোভা পায় -

(ক) তীরে, (খ) পথের ধারে, (গ) মাঠে, (ঘ) কোনোটিই নয়।

৮। পরিষ্কার পরিচ্ছন্ন ক্ষুদ্র অঙ্গিনায় নেচে বেড়ায় -

(ক) পায়রা, (খ) শালিক, (গ) খঞ্জন, (ঘ) দোয়েল।

৯। বকুলের ঘনপত্র ছায়ায় বসে শিস্ দেয় -

(ক) দোয়েল, (খ) কোকিল, (গ) ময়না, (ঘ) টিয়া।

১০। নদীর তীরে বসে আছে -

(ক) মানুষ, (খ) যাত্রী, (গ) বক, (ঘ) মাছরাঙ্গা পাখি।

১১। রাখাল ছেলে জলপান করাচ্ছে -

(ক) গাভিদলে, (খ) মাহিষদের, (গ) মেষদের, (ঘ) বাদুরদের।

১২। বাঁকা পথ -

(ক) মাটির, (খ) আঁকাবাঁকা, (গ) তাপে তপ্ত, (ঘ) সরল।

১৩। কাঁখে কলসি নিয়ে চলেছে -

(ক) নারী, (খ) বধূ, (গ) নর্তকী, (ঘ) গ্রাম্য বালিকা।

১৪। পরপাড়ে বনশ্রেণি _____। শূন্যস্থান পূরণ করো।

(ক) ঘন, (খ) সুদীর্ঘ, (গ) সুনিবিড়তর, (ঘ) ছায়া ঘেরা।

১৫। "_____ মধ্যাহ্ন বেলা দীপ্ত চারিদিক।" শূন্যস্থান পূরণ করো।

(ক) দীপ্ত, (খ) প্রখর, (গ) তপ্ত, (ঘ) শান্ত।

II. পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ *প্রতিটি প্রশ্নের মান : ১*

১। 'মধ্যাহ্ন' কবিতাটি কবির কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

উঃ- 'কনিকা'।

২। 'মধ্যাহ্ন' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ রয়েছে?

উঃ- শরৎ।

পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ **মান — ১**

১। 'মধ্যাহ্ন' কী জাতীয় কবিতা?

উত্তর ঃ .....

২। শরতের আকাশ কী রকম?

উত্তর ঃ .....

৩। 'শুভ্র মেঘখন্ডগুলি' কোথায় ভেসে যায়?

উত্তর ঃ .....

৪। পাখা প্রসারিত করে চিল কোথায় যেকে যায়?

উত্তর ঃ .....

৫। কে শ্রান্ত ক্লান্ত দেহে ঘুমিয়ে পড়েছে?

উত্তর ঃ .....

৬। **পীতবর্ণ** কী?

উত্তর ঃ .....

৭। "প্রভাকর তপ্তকর রবষণে রত" - প্রভাকর কী?

উত্তর ঃ .....

৮। শরতের ভরা নদী কীরকম?

উত্তর ঃ .....

৯। "নাচিয়ে খঞ্জন দ্রুত **চারিদিকে** চায়" - খঞ্জন কোথায় নাচছে?

উত্তর ঃ .....

১০। দোয়েল কোথায় বসে শিস্ দেয়?

উত্তর ঃ .....

১১। "যেন গণিতেছে ঢেউ অনিমেশ আঁখি;" - 'অনিমেশ আঁখি' কার?

উত্তর ঃ .....

১২। ক্ষুদ্র তরি কোথায় বাঁধা?

উত্তর ঃ .....

১৩। ক্ষুদ্র তরি কীভাবে ভাসে?

উত্তর ঃ .....

১৪। তরির উপর বসে কে নিরিবিলি ডেকে যায়?

উত্তর ঃ .....

১৫। অদূরে রাখাল ছেলে কী করছে?

উত্তর ঃ .....

১৬। কে পতি সম্ভাষণে দ্রুত চলেছে?

উত্তর ঃ .....

১৭। সকরুণ স্বরে কে ডাকে?

উত্তর ঃ .....

১৮। দীপ্ত মাঠ কোথায় ধু ধু করে?

উত্তর ঃ .....

১৯। তপ্ত বায়ু কোথায় বয়ে যায়?

উত্তর ঃ .....

২০। থেকে থেকে কে তপ্ত শ্বাস ফেলে?

উত্তর ঃ .....

২১। প্রকৃতি সতী কীরূপ?

উত্তর ঃ .....

III. সংক্ষেপে উত্তর দাও ঃ

প্রতিটি প্রশ্নের মান : ৩ (৮০ শব্দের মধ্যে)

১। 'মধ্যাহ্ন' কবিতায় কবি মধ্যাহ্নের যে রূদ্ররূপ এঁকেছেন তার দু-একটি দৃষ্টান্ত তুলে ধরো।

উঃ- 'মধ্যাহ্ন' কবিতায় কবি অনঙ্গমোহিনী সর্বত্র মধ্যাহ্নের **রুদ্ররূপ** এঁকেছেন। দুপুরবেলা প্রচন্ড সূর্যের তাপে। সর সর করে চারদিকে গরম বাতাস বইছে। শরতের সুনীল আকাশের গায়ে সাদা মেঘ ভাসছে। সুদূর আকাশে পাখা মেলে চিৎকার করে চিল উড়ে যাচ্ছে। পথিক ক্লান্ত শরীরে অশ্বত্থ গাছের শীতল ছায়ায় **ঘুমিয়ে** পড়েছে।

নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

মান — ৩

১। 'মধ্যাহ্ন' কবিতায় কবি পান্থ ও রাখাল ছেলে সম্পর্কে বলেছেন তা লেখো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

২। 'মধ্যাহ্ন' কবিতায় বর্ণিত পাখিদের কার্যকলাপ তুলে ধরো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৩। 'মধ্যাহ্ন' কবিতায় বর্ণিত নদ-নদীর দৃশ্য তুলে ধরো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৪। "কোথা হতে ডাকে ঘুঘু সকরুল স্বর" - তাৎপর্য ব্যাখ্যা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

IV. রচনাধর্মী প্রশ্ন ঃ **প্রতিটি প্রশ্নের মান : ৬ (১৫০ শব্দের মধ্যে)**

১। 'মধ্যাহ্ন' কবিতায় নিসর্গলোকের যে রূপময় চিত্র বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

উঃ- 'মধ্যাহ্ন' কবিতায় প্রকৃতিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণের প্রসায় সর্বত্র পরিলক্ষিত। কবি অনঙ্গমোহিনীর রোমান্টিক ভাবাবেগ কবিতা বেশ সক্রিয়। কবির প্রত্যক্ষ অভিজ্ঞতা ও তাকে হৃদয়ের জারক রসে জারিত করে সৃষ্টি করেছেন মধ্যাহ্নের এবং সামগ্রিক চিত্র। আর এর অনুসঙ্গ হিসেবে কবিতায় এসেছে নদ-নদী, মাট-ঘাট, পাখি, সূর্যতাপ, স্নিগ্ধছায়া, তপ্ত বাতাস প্রভৃতি। **প্রকৃতির এক নিবিড় চিত্রকল্প।**

কবিতার শুরুতেই প্রখর সূর্যতাপের দৃশ্য বর্ণিত। দুপুরবেলা সর সর করে গরম বাতাস বইছে। নীল আকাশে ভাসমান সাদা মেঘ। চিল ডানা মেলে উড়ে যাচ্ছে। ক্লান্ত পথিক অশ্বত্থের শীতল ছায়ায় ঘুমিয়ে পড়েছে। পীতবর্ণ

শস্যক্ষেত্র শস্য ভারে নত। খরতর বেড়ে প্রবাহিত ভরা নদী। কৃষকের ক্ষুদ্র আঙিনায় খঞ্জন পাখি নেচে বেড়াচ্ছে। বকুল গাছের ছায়ায় বসে দোয়েল শিস দিচ্ছে। নদীতীরে মাছরাঙ্গা পাখি যেন ঢেউ গুনে চলেছে। ঘাটে বাঁধা ক্ষুদ্র তরি দুলছে। গোমতীর পরপাড়ে দৃশ্যমান ঘন বনের সারি। ঘুঘুর করুণ ডাক শোনা যাচ্ছে। শূন্য মাঠ যেন দাউ দাউ করে জ্বলছে। নিস্তব্ধতা প্রকৃতি সতী যেন পলকহীন।

এভাবেই কবি মধ্যাহ্নের ক্লান্ত অবস্থার যে সামগ্রিক চিত্র তুলে ধরেছেন, তাতে নিসর্গলোকের রূপময় চিত্রই বর্ণিত হয়েছে।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ

১। 'মধ্যাহ্ন' কবিতায় কোন্ ঋতুর কথা আছে? কবিতায় বর্ণিত মধ্যাহ্নের এক রূপময় চিত্র নিজের ভাষায় প্রকাশ করো। ১+৫=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। "প্রভাকর তপ্তকর বরিষণে রত।" উদ্ধৃতাংশটির উৎস নির্দেশ করো। প্রভাকর কী? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। "নিঝুম প্রকৃতি সতী **স্তব্ধ** অনিমিখ!" - উদ্ধৃতাংশটি **কোন্** কবিতার অংশ? প্রকৃতি সতী বলতে কবি কী বুঝিয়েছেন? ১+২+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে

শঙ্খ ঘোষ

(১৯৩২-২০২১)

কবি পরিচিতি ঃ

শঙ্খ ঘোষ ছিলেন একজন বিখ্যাত কবি, বিশিষ্ট রবীন্দ্র বিশেষজ্ঞ ও সাহিত্য সমালোচক। ১৯৩২ খ্রিস্টাব্দে ৫ ফেব্রুয়ারী অবিভক্ত বাংলার চাঁদপুরে জন্মগ্রহণ করেন। আসল নাম চিত্তপ্রিয় ঘোষ। পিতা সুশিক্ষক বাংলা ভাষার বিশেষজ্ঞ মনীন্দ্র কুমার ঘোষ এবং মাতা অমলাবালা ঘোষ। প্রেসিডেন্সি কলেজ থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতক এবং কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। পেশা হিসেবে গ্রহণ করেন অধ্যাপনার কাজ। যাদবপুর, দিল্লী ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। 'বাবরের প্রার্থনা' কাব্যগ্রন্থটির জন্য তিনি ভারতের দ্বিতীয় সর্বোচ্চ সাহিত্য পুরস্কার 'সাহিত্য অ্যাকাডেমি' পুরস্কার লাভ করেন। ২০১৬ খ্রিস্টাব্দে তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ 'বটপাকুড়ের ফেনা'র জন্য লাভ করেন ভারতের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার 'জ্ঞানপীঠ পুরস্কার'। তাঁর রচিত উল্লেখযোগ্য গ্রন্থগুলি হলো — 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে', উবর্শীর হাসি', 'ওকাম্পোর রবীন্দ্রনাথ' 'ধুম লেগেছে হৃদয়কমলে' ইত্যাদি। ২০২১ সালের ২১ এপ্রিল করোনা আক্রান্ত হয়ে মহান সাহিত্যিক শঙ্খ ঘোষ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

উৎসগ্রন্থ ঃ 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতাটি কবি শঙ্খ ঘোষের 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কাব্যগ্রন্থের অন্তর্গত। এই কাব্যগ্রন্থটি ১৯৮৪ সালে প্রকাশিত হয়।

কবিতার ভাববস্তু

জীবন, সমাজ ও পারিপার্শ্বিকের এক নিপুন চিত্র কবি শঙ্খ ঘোষের কবিতায় প্রতিফলিত। বর্তমান যুগ বিজ্ঞাপনের যুগ। আর বর্তমান সমাজে বিজ্ঞাপনের যে কী অপরিসীম প্রভাব সে বিষয়ে মানুষকে সচেতন করার এক প্রয়াস কবির 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনের **কবিতায় প্রকাশ পেয়েছে।** বিজ্ঞাপনের জৌলুশে মানুষকে বিভ্রান্ত করে ফলস্বরূপ বিজ্ঞাপনের **আধুনিকীকরণ** সম্পর্কে কবি দুটো একটা সহজ কথাই বলতে চেয়েছেন। সমাজ সচেতন কবির এই প্রয়াস সহজ সরল ভাষায় কবিতায় প্রকাশিত।

I. সঠিক উত্তর বাছাই করো ঃ **প্রতিটি প্রশ্নের মান : ১**

১। "একলা হয়ে দাঁড়িয়ে আছি" _____। যে দাঁড়িয়ে আছে

(ক) কবি (খ) বিজ্ঞাপনে মুখ ঢাকা পণ্য, (গ) বিজ্ঞাপন দাতা, (ঘ) **সাধারণ** পথচারী।

উঃ- (খ) বিজ্ঞাপনে মুখ ঢাকা পণ্য।

২। ক্লান্ত অবস্থায় ঝুলতে থাকে _____।

(ক) বিজ্ঞাপন, (খ) ছবি, (গ) মুখোশ, (ঘ) বিজ্ঞাপনের কাগজ।

নীচের প্রশ্নগুলির সঠিক উত্তর বাছাই করো ঃ (✔)

১। "একলা হয়ে দাঁড়িয়ে আছে" - যেখানে দাঁড়িয়ে আছে -

(ক) গলির কোণে, (খ) গলির মোড়ে, (গ) রাস্তায়, (ঘ) চৌমাথায়।

২। মুখ ঢেকে যায় _____

(ক) বিজ্ঞাপনে, (খ) রংবাহারে, (গ) কাগজে, (ঘ) পত্রিকায়।

৩। একটা দুটো _____

(ক) সহজ কথা, (খ) সরল কথা, (গ) কঠিন কথা, (ঘ) মুখের কথা।

৪। সহজ কথা যেভাবে বলা হবে _____

(ক) মুখ দিয়ে, (খ) চোখের আড়ে, (গ) সত্য করে, (ঘ) সহজ করে।

৫। জৌলুশে যা ঝলসে ওঠে _____

(ক) **পণ্য** সামগ্রী, (খ) **বিজ্ঞাপন,** (গ) সত্য করে, (ঘ) সহজ করে।

৬। বিজ্ঞাপনে, _____। শূন্যস্থান পূরণ করো।

(ক) রংবাহারে, (খ) বিজ্ঞাপনে, (গ) আলোয়, (ঘ) পণ্য সামগ্রী।

৭। "হা রে আমার _____।" শূন্যস্থান পূরণ করো

(ক) চোখের চাওয়া, (খ) সহজ কথা, (গ) মুখ, (ঘ) জন্মভূমি।

৮। "নিওন আলোয় **পণ্য** হল"- নিওন আলো বলতে যা বোঝায় -

(ক) ত্যাগের আলো, (খ) নতুন আলো, (গ) নিয়ন গ্যাসে জ্বলানো আলো, (ঘ) চাকচিক্য।

৯। "নিওন আলোয় **পণ্য** হল" - যা **পণ্য** হল -

(ক) যা কিছু আজ ব্যক্তিগত, (খ) সব কিছু, (গ) পণ্য সামগ্রী, (ঘ) সামগ্রী।

১০। মুখের কথা একলা হয়ে পড়ে রইল -

(ক) রাস্তার মোড়ে, (খ) চৌমাথায়, (গ) গলির **কোণে,** (ঘ) ঘরে।

II. পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ

প্রতিটি প্রশ্নের মান : ১

১। বিজ্ঞাপনে কী ঢেকে যায়?

উঃ- **মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।**

২। কী বিকিয়ে গেছে?

উঃ- **চোখের চাওয়া আজ বিকিয়ে গেছে।**

নীচের প্রশ্নগুলির পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ

১। "তোমার জন্য গলির কোণে।" - তোমার বলতে কাকে বোঝানো হয়েছে?

উত্তর ঃ .....

২। "ভাবি আমার মুখ দেখাব।" - কার মুখের কথা বলা হয়েছে?

উত্তর ঃ .....

৩। কতগুলো সহজ কথা বলার কথা বলা হয়েছে?

উত্তর ঃ .....

৪। সহজ কথা কীভাবে বলা হয়?

উত্তর ঃ .....

৫। কী বুঝতে পারা শক্ত?

উত্তর ঃ .....

৬। 'হা রে আমার বাড়িয়ে বলা" - এই আক্ষেপ কার?

উত্তর ঃ .....

৭। নিওন আলোয় কী পণ্য হল?

উত্তর ঃ .....

৮। মুখের কথা একলা হয়ে কোথায় পড়ে রইল?

উত্তর ঃ .....

৯। একলা হয়ে গলির কোণে কী পড়ে রইল?

উত্তর ঃ .....

১০। "ক্লান্ত আমার মুখোশ শুধু" - আমার বলতে কী বোঝানো হয়েছে?

উত্তর ঃ .....

১১। বিজ্ঞাপনে কী ঝুলতে থাকে?

উত্তর ঃ .....

১২। "তোমার সঙ্গে ওতপ্রোত" - "তোমার" বলতে কী বোঝানো হয়েছে?

উত্তর ঃ .....

III. সংক্ষেপে উত্তর ঃ

প্রতিটি প্রশ্নের মান : ৩ (৮০ শব্দের মধ্যে)

১। "একলা হয়ে দাঁড়িয়ে আছি" - কোথায়, কেন দাঁড়িয়ে আছে?

উঃ- বর্তমান সমাজ সভ্যতায় বিজ্ঞাপনের প্রভাব লক্ষ্য করার মতো। **বিজ্ঞাপন** ব্যতীত কোনো **পণ্য** সামগ্রী বর্তমানে বাজারে বিক্রি হয় না। তাই ব্যবসায়ীদের বিজ্ঞাপনের প্রতি এত আকৃষ্ট হতে দেখা যায়। বিজ্ঞাপনের এই রংবাহারেই তারা মানুষের দৃষ্টিকে আকর্ষিত করতে চায়। সেই বিজ্ঞাপনের **পণ্য** সামগ্রীই গলির কোণে সাধারণ ক্রেতার জন্য একলা হয়ে দাঁড়িয়ে আছে।

প্রশ্নগুলির উত্তর লেখো ঃ মান : ৩

১। "মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে" - কার মুখ, কীভাবে ঢেকে যায়?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

২। "নিওন আলোয় পণ্য হল" - 'নিওন আলোয়' কী পণ্য হল এবং কেন?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

৩। "জৌলুশে তা ঝলসে ওঠে" - জৌলুশে কী ঝলসে ওঠে?

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

IV. রচনাধর্মী প্রশ্ন ঃ *প্রতিটি প্রশ্নের মান : ৬ (১৫০ শব্দের মধ্যে)*

১। "ক্লান্ত আমার মুখোশ শুধু

ঝুলতে থাকে বিজ্ঞাপনে।"

- উদ্ধৃতাংশটির উৎস নির্দেশ করো। মুখোশ ক্লান্ত কেন? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+২+৩=৬

উঃ- উদ্ধৃতাংশটি কবি শঙ্খ ঘোষ রচিত 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতা থেকে গৃহীত।

আমাদের দৈনন্দিন জীবনে বিজ্ঞাপনের সঙ্গে আমরা ওতপ্রোতভাবে জড়িয়ে পড়ছি। বর্তমান সমাজ, সভ্যতা ও জীবনকে বিজ্ঞাপন নিয়ন্ত্রিত করছে। তাই বর্তমান বাজার ধরার জন্য রংবাহারি বিজ্ঞাপনের মুখোশ পরে পণ্য সামগ্রী আজ ক্লান্ত।

বর্তমানে এই বিজ্ঞাপনের প্রভাবে মানুষের চোখের দৃষ্টিও যেন বিকৃত, বিভ্রান্ত। তারা শুধু চায় চটকদার বিজ্ঞাপন দেওয়া পণ্য ক্রয় করতে। পরিস্থিতি আজ এমন হয়ে দাঁড়িয়েছে যে, প্রকৃত গুণাগুণ সম্পন্ন খাঁটি **পণ্যের**

কদর মানুষ বুঝতে পারছে না। তাই মানুষের এই বর্তমান চাহিদা পূরণ করতে সর্বদা রংবাহারি মুখোশ পরে পণ্য সামগ্রী আজ ক্লান্ত। এভাবেই কোনো জিনিসের বাজার তৈরি করার জন্য সে দ্রব্যসামগ্রীর ওপর রং চড়িয়ে, মুখোশ পরিয়ে তাকে মিথ্যের সামিল করে তুলতে হয় বলেই মুখোশ ক্লান্ত হয়।

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো ঃ *মান : ৬*

২। 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতায় কবির সমাজ চেতনার পরিচয় দাও। ৬

উত্তর ঃ .....

.....

উঃ- বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাস ওঝা সর্বপ্রথম খ্যাতি অর্জন করেন। তিনি সংস্কৃত ভাষায় দক্ষ থাকা **সত্ত্বেও** সংস্কৃত অলংকারের দুর্বোধ্যতাকে সরিয়ে বাংলা সহজ ভাষায় রামায়ণ কাব্য রচনা করেন। কবি কৃত্তিবাস বাঙালির চিরকালের হৃদয়গীতিকে সুগভীর নিষ্ঠা ও পর্যবেক্ষণের মধ্যদিয়ে রামায়ণকে একেবারে আমাদের রক্তমাংসের জীবনে প্রবেশ করিয়েছেন।

"কৃত্তিবাস কীর্তিবাস কবি, এ বঙ্গের অলংকার।"

কৃত্তিবাসের রচনায় ভাষা ও অলংকার প্রয়োগে গল্পরস প্রয়োগে কাব্য সহজ-সরল হয়েছে। ফলে বাঙালি তাদের হৃদয়ের ভাষা ও আনন্দোচ্ছ্বাস, গার্হস্থ্য জীবনকে খুঁজে পেয়েছে রামায়ণে। কবি কৃত্তিবাস বাঙালির জনজীবন, চরিত্রচিত্রন, পরিবেশ, সমাজ, ও সংস্কার প্রভৃতি সৃজনশীল উপস্থাপনে নিজ প্রতিভা তুলে ধরেছেন। সমাজের সর্বস্তরের **সহজাবস্থান** হয়ে উঠেছে রামায়ণ।

কৃত্তিবাসের রামায়নের কোথাও কোথাও বীররস সূচিত হলেও **করুণরস** ছাপিয়ে গেছে বীররসকে। **এই কাব্যে** সীতা হয়ে উঠেছে **সাধারণ** বাঙালি পরিবারের ভাগ্যবিড়ম্বিতা কন্যা। বীর রামচন্দ্র কৃত্তিবাসের হাতে ভক্তের ভগবানে পরিণত হয়েছে। ক্ষত্রিয়বধু সীতা হয়েছে বাঙালি কুলবধু। হনুমান হয়েছে বাঙালি পরিবারের প্রভুভক্ত ভৃত্য। **লক্ষ্মণ** উঠেছে বাঙালি ঘরের আদর্শ সহোদর ভ্রাতা। পাশাপাশি গার্হস্থ্য জীবনের প্রেম, স্নেহ, ভক্তি, আনুগত্য প্রভৃতি নৈতিক ভাবাদর্শে জীবন্ত হয়ে উঠেছে কৃত্তিবাসী রামায়ণে।

সর্বোপরি বলা যায়, ছন্দও প্রয়োগ, বীররস, ভক্তিরস, করুণরস, পয়ার ত্রিপদীর ব্যবহার কাব্যটিকে **অসাধারণ** করে তুলেছে। তাছাড়া কৃত্তিবাসের কাব্যে বাঙালির রীতিনীতি, আচার-আচরণ, নিয়ম-প্রথা, পোষাক, খাদ্যে তৎকালীন সমাজ জীবন যে ভাবে ফুটে উঠেছে, তাই তাঁর কাব্যকে কালজয়ী করেছে।

২। কবি কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার **কারণ** সংক্ষেপে আলোচনা করো। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক হিসেবে কাশীরাম দাসের কবি প্রতিভা সংক্ষেপে আলোচনা করো। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

মঙ্গলবাক্য

ভূমিকা ঃ- বাংলা সাহিত্যের ইতিহাসের ধারায় 'মঙ্গলকাব্য' একটি উল্লেখযোগ্য এবং বলা যায় অন্যতম একটি শাখা। **মধ্যযুগীয়** বাংলা সাহিত্যের ধারায় আখ্যানমূলক মঙ্গলকাব্যের স্থান অপরিসীম। মঙ্গলকাব্যের দেবদেবীরা অপরিসীম, ক্ষমতার অধিকারী। বিপদকালে ভক্তকে **তাঁরা** উদ্ধার করেন। কখনও কখনও **তাঁরা** আবার পক্ষপাতদুষ্ঠ আচরণও করে থাকেন। কিন্তু যারা **তাঁদের** পূজায় অসম্মতি জ্ঞাপন করে বা **তাঁদের** মান্য করে না। সেইসব মানুষদের কপালে জুঠে নিদারুণ **যন্ত্রণা**। মঙ্গলকাব্যে দেখা যায়, দেবতার প্রতি ভক্তি **পরায়ণ** মানুষ অনেক ধনদৌলতের অধিকারী হয়। আর যারা দেবতাদের বিরুদ্ধাচারণ করেন তাদের কপালে জুটে নিদারুণ কষ্ঠ ও **যন্ত্রণা।**

সময়কাল ঃ - খ্রীষ্টীয় পঞ্চদশ শতাব্দীর শেষভাগে মঙ্গলকাব্যের প্রথম লিখিত রূপ পাওয়া গেলেও তার প্রেক্ষাপট **তৈরি** হয়েছিল আরও দুই-তিন বৎসর আগেই। মঙ্গলকাব্যগুলি মূলত ছড়া ও পাঁচালী আকারে লোক সমাজে বহু বৎসর প্রচলিত ছিল। পরবর্তী সময় রাজনৈতিক অস্থিরতার যুগে ব্রতছড়া ও পাঁচালী আকারে প্রচলিত মঙ্গলকাব্যের দেব-দেবীরা আখ্যান কাব্যে স্থান পেল। মঙ্গলকাব্যের সময় সীমা মূলত খ্রীষ্টীয় পঞ্চদশ শতকের শেষভাগ থেকে শুরু করে অষ্টাদশ শতক পর্যন্ত।

প্রকার ভেদ ঃ- মঙ্গলকাব্যগুলিতে মূলত নানা সাম্প্রদায়িক দেব-দেবীর **মাহাত্ম্য** কীর্তি বর্ণিত হয়েছে। বাংলা **বিভিন্ন** অঞ্চলের কবি মঙ্গলকাব্য রচনায় তাঁদের **মুন্সীয়ানা** দেখিয়েছেন। মঙ্গলকাব্যের বিভাগগুলির মধ্যে রয়েছে - মনসামঙ্গল, চন্ডীমঙ্গল, ধর্মমঙ্গল, শিবমঙ্গল (শিবায়ন), রায়মঙ্গল প্রভৃতি।

মঙ্গল কাব্যের অর্থ বিশ্লেষণ ঃ- 'মঙ্গল' কথাটির আভিধানিক অর্থ হল কল্যান। অর্থাৎ যে কাব্যে দেবদেবীর মঙ্গল বা মাহাত্ম্য **বর্ণিত** হয়েছে এবং যে কাব্য পাঠ বা শ্রবণ করলে সকলের কল্যাণ হয়, তাকে বলে মঙ্গলকাব্য। অন্য মতে মঙ্গলকাব্যগুলি এক মঙ্গলবার থেকে শুরু করে আরেক মঙ্গলবার পর্যন্ত **পড়া** হত। আটদিন ধরে গানহত বলে একে অষ্টমঙ্গলাও বলা হত। আবার অনেকের মতে 'মঙ্গল' নামক বিশেষ রাগে 'মঙ্গলকাব্য' গুলি **পাঠ করা** হত বলে, একে মঙ্গলকাব্য বলে।

প্রেক্ষাপট ঃ- মঙ্গলকাব্যের প্রেক্ষাপটের পেছনে রয়েছে মূলত দুটি কারণ। এর মধ্যে একটি হল প্রাকৃতিক কারণ আর অপরটি হল রাজনৈতিক **কারণ**। প্রাকৃতিক **কারণটি** হল বাংলাদেশ নদীনালা, খালবিল ও বনজঙ্গলে **ভরা**। এদেশে ঝড়, বন্যা, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ লেগেই থাকত। তার উপর ছিল বাঘ, সাপ, কুমির, ইত্যাদির উপদ্রব। এগুলির সাথেই ছিল কলেরা, বসন্ত ওলাওঠা ইত্যাদি রোগব্যাধি। স্বাভাবিক কারণেই বাংলার মানুষ ছিল ভীত সন্ত্রস্ত। এসব কিছুর হাত থেকে পরিত্রান লাভের আশায় তারা তাদের দেব-দেবীর **শরণাপন্ন** হতে শুরু করল। সৃষ্টি হতে লাগল এক একজন মঙ্গলকাব্যের দেব-দেবী। সাপের হাত থেকে নিস্তারের জন্য সৃষ্টি হল দেবী মনসার। তেমনি ঝড়-ঝঞ্জার হাত থেকে বাঁচার জন্য আবির্ভব ঘটল চন্ডীদেবীর। অপরদিকে রাজনৈতিক **কারণটি** হল, তুর্কী আক্রমণে বিপর্যস্ত বাঙালি উচ্চ-নিম্ন নির্বিশেষে নিজেদের মধ্যে সামঞ্জস্যবিধান করার চেষ্ঠা করতে শুরু করল। এর ফলস্বরূপ **অনার্য** দেবীরা উচ্চবর্ণের লেখকদের লেখনীতে জাতে ওঠার প্রয়াস পেল। **রূপ** প্রয়াসের ফলে **অনার্য** দেব-দেবীরা **আর্য** দেব-দেবীদের সাথে উন্নীত হবার সুযোগ পেল। **অনার্য** দেবী মনসা হয়ে উঠল শিবের কন্যা। তেমনি চন্ডী রূপান্তরিত হল শিবের ঘরিণী **রূপ**।

বৈশিষ্ট্য ঃ- মঙ্গলকাব্যগুলি চারভাগে বিভক্ত। যথা - বন্দনা অংশ, গ্রন্থ রচনার **কারণ**, দেবখন্ড ও নরখন্ড। বন্দনা অংশে বিভিন্ন দেব-দেবীদের বন্দনা করা হয়। এই বন্দনাগীত ছিল প্রধানত অসাম্প্রদায়িক। গ্রন্থ রচনার **কারণের** স্থান পায় মূলত কবির স্বপ্নাদেশ। মঙ্গলকাব্যের দেবীরা স্বপ্নে এসে কবিকে মঙ্গলকাব্য লেখার আদেশ করে। তৃতীয়খন্ড দেবখন্ডে স্থান পায় শাপগ্রস্থ হয়ে নায়ক-নায়িকাদের মর্ত্যে আগমন। চতুর্থ তথা শেষখন্ডে (নরখন্ড) সাপভ্রষ্ঠ নায়ক-নায়িকাদের বিভিন্ন প্রতিকূলতার মধ্যে দিয়ে দেবতাদের পূজা প্রচারের কাহিনি **বর্ণিত** হয়। তাছাড়া নরখন্ডে আরও কতগুলি নতুন আঙ্গিক **লক্ষ্য** করা যায়। এগুলির মধ্যে রয়েছে বারমাস্যা ও **চৌত্রিশা**। বারমাস্যা হলো মঙ্গলকাব্যের নায়িকাদের বারোমাসের সুখ-দুঃখের কাহিনির বিবরণ। আর **চৌত্রিশায়** রয়েছে বিপন্ন নায়ক-নায়িকা কর্তৃক চৌত্রিশ অক্ষরযোগে ইষ্টদেবের স্তবস্তুতি।

মঙ্গলকাব্যের সমাজজীবন ঃ- যে কোন সাহিত্য সৃষ্টির প্রেক্ষাভূমিতে রয়েছে তৎকালীন সমাজ জীবন। সাহিত্য মূলত সমাজ জীবন নির্ভর। তাই সমাজজীবনকে উপেক্ষা করে সাহিত্য সৃজন প্রায় অসম্ভব। মঙ্গলকাব্যগুলি বিশ্লেষণ করলে আমরা তাৎকালীন সমাজজীবনের একটি নিখুঁত ছবির পরিচয় পাই। 'মনসামঙ্গল' আলোচনায় আমরা দেখি যে, তখনকার সমাজ ব্যবস্থায় বণিকশ্রেণির খুবই প্রভাব ছিল এবং বনিকদের প্রধান জীবিকা ছিল মূলত ব্যবসা করা, তারা নৌকা সাজিয়ে বিভিন্ন জায়গায় ব্যবসা করতে যেত। তাছাড়া তখনকার সমাজ জীবনে নারী ছিল অবহেলিত, মনসা ও বেহুলা চরিত্র রূপায়ণে কাব্যকার তারই নির্দেশ দিয়েছেন। অন্যান্য মঙ্গলকাব্যগুলি, যেমন চন্ডীমঙ্গলে দেখা যায় তখনকার রাজকর্মচারীরা ছিল অসাধু, দুর্বৃত্ত ও অত্যাচারী। প্রকৃতপক্ষে সমাজ জীবনে ঘটে যাওয়া বিভিন্ন অন্যায়গুলো লেখকের লেখনীতে বাস্তবরূপ লাভ করেছে।

মনসামঙ্গল ঃ- 'মনসামঙ্গল'-এ মূলত সর্পদেবী মনসার পূজা প্রচারের কাহিনিই সবিস্তারে বর্ণিত হয়েছে। মনসামঙ্গলের আদি কবি হিসাবে কাণা হরিদত্তকে গ্রহণ করা হয়। এই কাব্যের মূল চরিত্রের মধ্যে রয়েছে মনসাকে বর্ণিত করা হয়েছে শিবের মানস কন্যা রূপে। শিবের কন্যা হলেও স্বর্গসভায় তার উপযুক্ত স্থান যে পায়নি। সেই যোগ্য সম্মান প্রাপ্তির জন্য তাঁর পূজাপ্রচারে প্রয়োজন। সম্মানের জন্য তার লড়াই সমস্ত নারী জাতিরই লড়াই।

নারায়ণ দেব ঃ- নারায়ণদের 'মনসামঙ্গল' কাব্যধারায় এক উল্লেখযোগ্য কবি। তাঁর কাব্যের নাম 'পদ্মপুরাণ'। তিনি পঞ্চদশ শতকের কবি। অনেকে তাকে 'মনসামঙ্গল' কাব্যের ধারায় শ্রেষ্ঠ কবি বলে থাকেন। কবির আত্মপরিচয় থেকে জানা যায় তিনি রাঢ় দেশ থেকে ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার অন্তর্গত বোর গ্রামে বসতি স্থাপন করেন। তিনি সংস্কৃতে পন্ডিত ছিলেন। তাই তাঁর রচনায় পৌরানিক প্রভাব লক্ষ্যণীয়। নারায়ণদেবের কাব্য পৌরাণিক ঘেঁষা হওয়ার, বিজিত মানব **চরিত্রগুলি** ম্লান হয়ে উঠেছে। লৌকিক কাহিনির চেয়ে পৌরাণিক দেবদেবীর প্রতি কবির দৃষ্টি ছিল ব্যাপক।

চন্ডীমঙ্গল ঃ- শিব জায়া দেবী চন্ডীর পূজা প্রচারের কাহিনি। দেবী চন্ডী চরিত্রটি মার্কন্ডেয় পুরাণে দেখতে পেলেও 'চন্ডীমঙ্গল'-এ বর্ণিত দেবীর সাথে তাঁর আকাশ-পাতাল ফারাক রয়েছে। কবিগণের লেখনীর ছোঁয়ায় পৌরাণিক দেবী চন্ডী হয়ে ওঠেছেন গৃহের কূলবধূ। যাঁর স্বামী নেশা করে, যে নাকি অভিমানে গৃহ ত্যাগ করে। যে অনায়সেই তাঁর ভক্তদের **সাহায্যার্থে** এগিয়ে আসে। ড. আশুতোষ ভট্টাচার্যের মতে - 'বাংলার লৌকিক দেবদেবী হিন্দুধর্মের পুনরত্থানের যুগে হিন্দুভাবাপন্ন তন্ত্র বা পুরাণ কর্তৃক প্রভাবিত। চন্ডী বা মঙ্গলচন্ডী তাদের অন্যতম। যেজন্য তন্ত্র বা পুরাণ ও স্মৃতিতে নানাভাবে তাঁর সঙ্গে একটা সামঞ্জস্য সাধনের প্রয়াস দেখা যায়"। চন্ডীমঙ্গলের দুটি কাহিনি: প্রথমটি হল কালকেতু ও ফুল্লরার কাহিনি। দ্বিতীয়টি ধনপতির আখ্যান।

মুকুন্দরাম চক্রবর্তী ঃ- 'মঙ্গলকাব্য' সাহিত্যের ধারায় 'চন্ডীমঙ্গল' আরেকটি গুরুত্বপূর্ণ শাখা। মূলত ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দীর পর্যন্ত এর ব্যাপ্তি। দীর্ঘ দুইশতকের সাহিত্যচর্চার ধারায় আমরা অনেক কবির নাম খুঁজে পাই। **তাঁদের** মধ্যে রয়েছেন মানিক, দ্বিজমাধব, মুকুন্দরাম, মুক্তারাম সেন, জয়নারায়ণ সেন, ভবানীশংকর প্রমুখ। মুকুন্দরাম চক্রবর্তী তাদের মধ্যে অন্যতম। মুকুন্দরামের সৃজন শৈলীর গুনে তাঁর সৃষ্ঠ চরিত্রগুলি লৌকিক সংসারের চির পরিচিত চরিত্রে রূপান্তরিত হয়েছেন। দেবী চন্ডী তার সেই চিরপরিচিত পৌরাণিকতার সাজ পরিত্যাগ করে গ্রামের পল্লীবধুর রূপধারণ করেছেন। তাঁর **আত্মপরিচয়** থেকে জানা যায় মেদিনীপুরের জমিদার রঘুনাথ রায়ের অনুরোধে তিনি 'চন্ডীমঙ্গল' কাব্য রচনা করেন। এই রঘুনাথ রায়ই কবিকে 'কবিকঙ্কণ' উপাধি দিয়েছিলেন। মুকুন্দরামের কাব্যের নাম 'অভয়ামঙ্গল'। তবে কবিকঙ্কণের চন্ডী নামেও এটি সমধিক পরিচিত।

ধর্মমঙ্গল ঃ- 'ধর্মমঙ্গল'-এ মূলত বর্ণিত হয়েছে ধর্মঠাকুরের মাহাত্ম্য ও তাঁর পুজো প্রচারের কাহিনি। ধর্ম ঠাকুর পুরুষ দেবতা। হিন্দু সংস্কৃতির সমন্বয়ের যুগে আদিবাসীদের দ্বারা পূজিত ধর্মঠাকুরের নবরূপায়ণ সাধিত হয়। তিনি ক্রমান্বয়ে শিব, বিষ্ণ, সূর্য, বরুণ রূপে পূজিত হতে লাগলেন। ধর্মঠাকুরের পূজা মূলত রাঢ় বঙ্গে অর্থাৎ **পশ্চিমবঙ্গে** প্রচলিত। 'ধর্মমঙ্গল' কাব্যের ধর্মঠাকুর মূলত ফসল উৎপাদনের দেবতা, নারীর বন্ধত্ব ঘোচাবার দেবতা ও কুষ্ঠব্যাধি নিরাময়ের দেবতা। লক্ষণীয় যে, ধর্মপূজার পুরোহিতদের অধিকাংশই নিম্নজাতির। তাদের মধ্যে রয়েছে ডোম, হাড়ি, কৈবর্ত্য প্রভৃতি শ্রেণির মানুষ।

'ধর্মমঙ্গল' কাব্যের উদ্ভব মূলত ষোড়শ শতাব্দীতে। এই কাব্যে রয়েছে মূলত দুটি কাহিনি। একটি হল পুরাণ কেন্দ্রিক রাজা **হরিশচন্দ্রের** কাহিনি অন্যটি ইতিহাসের প্রেক্ষাপটে **লাউসেনের** কাহিনি। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ধর্মমঙ্গলকে রাঢ় দেশের *National Epic* বা 'জাতীয় মহাকাব্য' নামে অভিহিত করেছেন।

ঘনরাম চক্রবর্তী ঃ- 'ধর্মমঙ্গল' কাব্যে অন্যান্য মঙ্গলকাব্যের চেয়ে অনেক পরের রচনা। ধর্মমঙ্গল কাব্যের কবিদের মধ্যে রয়েছে রূপরাম চক্রবর্তী, রামদাস চক্রবর্তীর প্রচার সর্বাধিক। তাঁর কাব্য মুদ্রিত হওয়ার দরুণ প্রচারিত হয়েছে বেশী। বঙ্গবাসী কার্যালয় (কলিকাতা) থেকে বাংলা ১৯২০ সনের চৈত্রমাসে ঘনরামের কাব্য মুদ্রিত হয়।

কবির আত্মপরিচয় থেকে যতটুকু জানা যায়, তাহল বর্ধমান জেলার দামোদর নদের তীরে কৃষ্ণপুর গ্রামে **ব্রাহ্মণ** পরিবারে তাঁর জন্ম। তাঁর প্রতিভায় মুগ্ধ হয়ে শিক্ষাগুরু তাঁকে 'কবিরত্ন' উপাধিতে ভূষিত করেন। তাঁর কাব্যটি অষ্টাদশ শতাব্দীর প্রথমদিকে রচিত হয়। ঘনরাম চক্রবর্তী তাঁর কাব্যকে 'শ্রীধর্মসঙ্গীত', 'অনাদিমঙ্গল, 'মধুরভারতী' প্রভৃতি নামে অভিহিত করেছেন। তিনি সংস্কৃতে পন্ডিত ছিলেন ফলত তাঁর কাব্যে রামায়ণ মহাভারত ও ভাগবতের ছায়াপাত ঘটেছে। কবিত্ব ও পান্ডিত্যের অপূর্ব সমাবেশ ঘটেছে তাঁর কাব্যে।

সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ- (✔) **মান - ১**

১। 'মঙ্গল' কথাটির অভিধানিক অর্থ হল -

(ক) সুন্দর, (খ) ভালো, (গ) শুভ, (ঘ) কল্যাণ।

উঃ- (ঘ) কল্যাণ।

২। আট দিন ধরে গান হত বলে মঙ্গলকাব্যের নাম -

(ক) সপ্তমঙ্গলা, (খ) পঞ্চমঙ্গলা, (গ) ষষ্ঠমঙ্গলা, (ঘ) অষ্টমঙ্গলা।

৩। মঙ্গলকাব্যগুলি প্রথমে প্রচলিত হয় -

(ক) গান আকারে, (খ) রূপকথা আকারে, (গ) মেয়েলী ব্রত কথা আকারে, (ঘ) শ্লোক আকারে।

৪। মঙ্গলকাব্যে উল্লেখিত সর্পদেবী হলেন -

(ক) মনসা, (খ) চন্ডী দেবী, (গ) শিব, (ঘ) ধর্মঠাকুর।

৫। মঙ্গলকাব্যে উল্লিখিত ঝড় ঝঞ্জার দেবী হলেন -

(ক) মনসা, (খ) চন্ডীদেবী, (গ) শিব, (ঘ) ধর্মঠাকুর।

৬। মঙ্গলকাব্যে উল্লেখিত ফসল উৎপাদনের দেবতা হলেন -

(ক) মনসা, (খ) চন্ডীদেবী, (গ) শিব, (ঘ) ধর্মঠাকুর।

৭। প্রতিটি মঙ্গলকাব্য বিভক্ত মূলত -

(ক) দুই ভাগে, (খ) চার ভাগে, (গ) ছয় ভাগে, (ঘ) আট ভাগে।

৮। মঙ্গলকাব্যের প্রথমভাগের নাম -

(ক) বন্দনা, (খ) গ্রন্থোৎপত্তির **কারণ**, (গ) দেবখন্ড, (ঘ) নরখন্ড।

৯। মঙ্গলকাব্যের দ্বিতীয় ভাগের নাম -

(ক) বন্দনা, (খ) গ্রন্থোৎপত্তির **কারণ**, (গ) দেবখন্ড, (ঘ) নরখন্ড।

১০। মঙ্গলকাব্যের তৃতীয় ভাগের নাম -

(ক) বন্দনা, (খ) গ্রন্থোৎপত্তির **কারণ**, (গ) দেবখন্ড, (ঘ) নরখন্ড।

১১। মঙ্গলকাব্যের চতুর্থ ভাগের নাম -

(ক) বন্দনা, (খ) গ্রন্থোৎপত্তির **কারণ**, (গ) দেবখন্ড, (ঘ) নরখন্ড।

১২। বন্দনা অংশে থাকে মূলত -

(ক) দেবতাদের বন্দনা, (খ) আত্মপরিচয়,

(গ) দেব-দেবীর স্বপ্নাদেশ, (ঘ) দেবতাদের পূজা প্রচারের কাহিনি।

১৩। গ্রন্থোৎপত্তির কারণে থাকে মূলত -

(ক) বিভিন্ন দেবতাদের বন্দনা, (খ) দেবদেবীর স্বপ্নাদেশ,

(গ) **পৌরোণিক** দেবতার সাথে লৌকিক দেবতার সম্বন্ধ স্থাপন,

(ঘ) দেবতার পূজা প্রচারের কাহিনি।

১৪। দেবখন্ডে থাকে মূলত -

(ক) বিভিন্ন দেবতাদের বন্দনা (খ) কবির আত্মপরিচয়,

(গ) দেবদেবীর স্বপ্নাদেশ, (ঘ) **পৌরোণিক** দেবতার সাথে লৌকিক দেবতার সম্বন্ধ স্থাপন।

১৫। নরখন্ডে থাকে মূলত -

(ক) দেবতাদের পূজা প্রচারের কাহিনি, (খ) **কবির আত্মপরিচয়,**

(গ) দেবদেবীর স্বপ্নাদেশ, (ঘ) বিভিন্ন দেবতার বন্দনা।

১৬। বারমাস্যায় স্থান পায় নায়িকার -

(ক) বারমাসের দুঃখের কাহিনি, (খ) দশমাসের দুঃখের কাহিনি,

(গ) আট মাসের দুঃখের কাহিনি, (ঘ) ছয় মাসের দুঃখের কাহিনি।

১৭। 'মনসামঙ্গল'-এর নায়ক-নায়িকারা হলেন-

(ক) লাউসেন ও কলিঙ্গ, (খ) ফুল্লরা-কালকেতু, (গ) বেহুলা-লখীন্দর, (ঘ) চাঁদসওদাগর-সনকা।

১৮। লাউসেন চরিত্রটি আমরা খুঁজে পাই -

(ক) অন্নদামঙ্গল, (খ) **ধর্মমঙ্গল,** (গ) চন্ডীমঙ্গল, (ঘ) মনসামঙ্গল।

১৯। 'মনসামঙ্গল'-এর আদি কবি হলেন -

(ক) মুকুন্দরাম চক্রবর্তী, (খ) নারায়ণ দেব, (গ) ভারতচন্দ্র, (ঘ) কানা হরিদত্ত।

২০। 'মনসামঙ্গল'-এর একজন কবি হলেন -

(ক) ভারতচন্দ্র, (খ) মুকুন্দরাম চক্রবর্তী, (গ) নরায়ণ দেব, (ঘ) ঘণরাম চক্রবর্তী।

২১। 'চন্ডীমঙ্গল'-এর একজন কবি হলেন -

(ক) ভারতচন্দ্র, (খ) মুকুন্দরাম চক্রবর্তী, (গ) নরায়ণ দেব, (ঘ) ঘণরাম চক্রবর্তী।

২২। 'ধর্মমঙ্গল'-এর একজন কবি হলেন -

(ক) ভারতচন্দ্র, (খ) মুকুন্দরাম চক্রবর্তী, (গ) বিহারীলাল চক্রবর্তী, (ঘ) ঘণরাম চক্রবর্তী।

২৩। নারায়ণ দেবের কাব্যের নাম -

(ক) পদ্মপুরাণ, (খ) মনসামঙ্গল, (গ) অভয়ামঙ্গল, (ঘ) ধর্মমঙ্গল।

২৪। মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যের নাম -

(ক) অভয়ামঙ্গল, (খ) মনসামঙ্গল, (গ) অনাদিমঙ্গল, (ঘ) ধর্মমঙ্গল।

২৫। ঘণরাম চক্রবর্তীর কাব্যের নাম -

(ক) অভয়মঙ্গল, (খ) ধর্মমঙ্গল, (গ) মনসামঙ্গল, (ঘ) সারদামঙ্গল।

পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ- (✔) **মান - ১**

১। 'মঙ্গল' কথাটির আভিধানিক অর্থ কী?

উঃ- মঙ্গল কথাটির আভিধানিক অর্থ হল কল্যাণ।

২। 'মনসামঙ্গল'-এর একজন কবির নাম লেখো।

উত্তর ঃ .....

৩। 'চন্ডীমঙ্গল'-এর একজন কবির নাম লেখো।

উত্তর ঃ .....

৪। 'ধর্মমঙ্গল' - এর একজন কবির নাম লেখো।

উত্তর ঃ .....

৫। মঙ্গল কাব্যগুলি কী রাগিনী বা সুরে গাওয়া হত?

উত্তর ঃ .....

৬। মঙ্গল কাব্যগুলি কয়টি ভাগে বিভক্ত?

উত্তর ঃ .....

৭। 'দেবখন্ড' -এ প্রতিপাদ্য বিষয়টি কি?

উত্তর ঃ .....

৮। **'নরখন্ড' অংশে কাদের বন্দনা করা হয়?**

উত্তর ঃ .....

৯। 'বন্দনা' অংশে কাদের বন্দনাগীত করা হত?

উত্তর ঃ .....

১০। কবির আত্মপরিচয় অংশটি মঙ্গলকাব্যের **কোন্** অংশে স্থান পেত?

উত্তর ঃ .....

১১। 'ধর্মমঙ্গল' কাব্যে কয়টি কাহিনি সন্নিবেশিত ও কী কী?

উত্তর ঃ .....

১২। 'মনসামঙ্গলের'-এর দেবী মনসা **কীসের** দেবী?

উত্তর ঃ .....

১৩। 'চন্ডীমঙ্গল'-এর দেবী চন্ডী **কীসের** দেবতা?

উত্তর ঃ .....

১৪। 'ধর্মমঙ্গল'-এর ধর্মঠাকুর **কীসের** দেবতা?

উত্তর ঃ .....

১৫। মঙ্গলকাব্যের মধ্যে পুরুষ দেবতাটি কে?

উত্তর ঃ .....

১৬। মঙ্গলকাব্যের **কোন্** দেবতার পূজায় অন্ত্যজশ্রেণির মানুষদের পূজারি রূপে দেখা যায়?

উত্তর ঃ .....

১৭। 'হরিশচন্দ্রের পালা'-টি কোন্ মঙ্গলকাব্যে স্থান পেয়েছে?

উত্তর ঃ .....

১৮। 'চন্ডীমঙ্গল'-এর কয়েকজন কবির নাম লেখো।

উত্তর ঃ .....

১৯। 'ধর্মমঙ্গল'-এর কয়েকজন কবির নাম লেখো।

উত্তর ঃ .....

২০। ঘণরাম চক্রবর্তীকে 'কবিরত্ন' উপাধিতে কে ভূষিত করেন।

উত্তর ঃ .....

২১। কে 'ধর্মমঙ্গল'-কে জাতীয় মহাকাব্য নামে অভিহিত করেছেন?

উত্তর ঃ .....

রচনাধর্মী প্রশ্নাবলী ঃ **মান – ৬**

প্রশ্ন ঃ- মঙ্গলকাব্যগুলি উৎপত্তির **কারণ** আলোচনা করো।

উঃ- **মঙ্গালকাব্যগুলি** গড়ে ওঠার **পেছনে** মূলত রাজনৈতিক, সামাজিক ও প্রাকৃতিক **কারণ** ক্রিয়াশীল। সমাজ ব্যবস্থায় একদিকে তুর্কী আক্রমণে বিপর্যস্ত বাঙালি এমন একটি শক্তির আরাধনায় নিজেদের নিয়োজিত করতে চেয়েছিল, যার সামান্য কৃপায় সমস্ত প্রতিকূলতা এক লহমায় উধাও হয়ে যায়। সমাজ জীবনের অবক্ষয়ের সময়ে বাঙালি সমাজ উচ্চ-নীচ নির্বিশেষ পরস্পরের প্রতি ভেদাভেদ **ভুলে** এক হওয়ার চেষ্ঠায় রত হয়। সেই সম্মেলনের যুগে অনার্য দেব দেবীদেরও **আর্যায়ণ** হতে শুরু হল।

অপরদিকে প্রাকৃতিক **কারণটি** হল বাংলাদেশ নদী নালা, **খালবিল** ও বনজঙ্গলে **ভরা**। এদেশে ঝড়, বন্যা, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ লেগেই থাকত। তার উপর ছিল বাঘ, সাপ, কুমির ইত্যাদি উপদ্রব। এগুলির সাথে ছিল কলেরা বসন্ত, ওলাওঠা ইত্যাদি রোগব্যাধি। স্বাভাবিক **কারণেই** বাংলার মানুষ ছিল ভীত-সন্ত্রস্ত। এসব কিছুর হাত থেকে পরিত্রাণ লাভের আশায় তারা দেব-দেবীর শরণাপন্ন হতে শুরু করল। সৃষ্টি হতে লাগল এক একজন মঙ্গলকাব্যের দেবদেবী। সাপের হাত থেকে নিস্তারের জন্য সৃষ্টি হল দেবী মনসার। তেমনি ঝড় ঝঞ্জার হাত থেকে বাঁচার জন্য আবির্ভাব ঘটল দেবী চন্ডীর।

পরিশেষে, বলা যায় যে মঙ্গলকাব্যগুলি সৃষ্টির পেছনে রাজনৈতিক **কারণ** পাশাপাশি প্রাকৃতিক **কারণ** যথেষ্ট ক্রিয়াশীল।

১। মঙ্গলকাব্য কাকে বলে? মঙ্গলকাব্য নামকরণের **কারণ** কী? কোন সামাজিক ও রাষ্ট্রিক অবস্থায় মঙ্গলবাক্য রচিত হয়? মঙ্গলবাক্য তৎকালীন সমাজ জীবনের যে পরিচয় পাওয়া যায়, তা উল্লেখ করো। ১+১+২+২=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। 'মঙ্গল' শব্দটির অর্থ কী? মঙ্গল কাব্যের **সাধারণ বৈশিষ্ট্যগুলি** কি? মনসামঙ্গল অথবা চন্ডীমঙ্গল কাব্যের যে কোন একজন শ্রেষ্ঠ কবির প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+২+২=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। 'চন্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর জীবনীও রচনা বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৪। 'ধর্মমঙ্গল' কাব্যকে 'রাঢ়ের জাতীয় কাব্য' বলা হয় কেন? এই ধারার একজন কবির কাব্য প্রতিভার পরিচয় দাও। ৩+৩=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৫। মঙ্গলকাব্য রচনার সামাজিক কারণ কি? 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি বর্ণনা করে মঙ্গেলকাব্য ধারায় এর স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

অন্নদামঙ্গল

কবি পরিচিতি ঃ মধ্যযুগীয় মঙ্গল কাব্য ধারার শেষ কবি হলেন কবি ভারতচন্দ্র রায় গুনাকর। ভারতচন্দ্রকে এই 'রায় **গুণাকর**' উপাধি দেন মহারাজা কৃষ্ণচন্দ্র। কবির জন্ম ১৭১০-১৭১২ এর মধ্যে বর্ধমানে। **পিতার** নাম জমিদার নরেন্দ্রনাথ রায়। তিনি অর্থাৎ কবি মহারাজা কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন। তাঁর বিখ্যাত কাব্য 'অন্নদামঙ্গল' এর জন্য তিনি বাংলা সাহিত্যে **স্মরণীয়** হয়ে আছেন। এই কাব্যের প্রশংসা করে রবীন্দ্রনাথও বলেছেন - 'রাজকণ্ঠের মণিমালা'। শুধু তাই নয় কবি নিজেও তাঁর কাব্য সম্পর্কে বলেছেন - 'অন্নদামঙ্গল আসলে নূতন মঙ্গল'। ১৮৬০ খ্রিষ্টাব্দে কবি মারা যান। বলা বাহুল্য কবির মৃত্যুর মধ্যদিয়ে বাংলা সাহিত্যের মধ্যযুগের সূর্য অস্তমিত হয় এবং আধুনিক যুগের সূর্য উদিত হয়। তাই ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়।

'অন্নদামঙ্গল'-এর বিষয়বস্তু ঃ- 'অন্নদামঙ্গল' কাব্যের মধ্যদিয়ে দেবী অন্নদার মাহাত্ম্য প্রচার করা হয় এবং দেবী **অন্নপূর্ণার** পূজা প্রবর্তন করা হয়। কবি ভারতচন্দ্র মোট তিনটি খন্ডে তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ 'অন্নদামঙ্গল' রচনা করেন। প্রথম খন্ড 'অন্নদামঙ্গল', দ্বিতীয় খন্ড 'বিদ্যাসুন্দর' বা 'কালিকামঙ্গল' এবং তৃতীয় খন্ড 'অন্নপূর্ণামঙ্গল'। সমগ্র কাব্যে দেবীর বিভিন্ন রূপ এবং দেবীর **গুণগান** করা হয়। এই কাব্যে দেবীকে একজন সাধারণ রক্তমাংসের দেবীতে **পরিণত করেছেন** কবি ভারতচন্দ্র।

সঠিক উত্তর বাছাই করো ঃ (✔) মান — ১

১। বাংলা সাহিত্যের ইতিহাসে শেষতম মঙ্গল কাব্য -

(ক) চন্ডীমঙ্গল, (খ) অন্নদামঙ্গল, (গ) ধর্মমঙ্গল, (ঘ) মনসামঙ্গল।

উঃ- (ক) অন্নদামঙ্গল।

২। 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতা হলেন -

(ক) ভারতচন্দ্র **রায়গুণাকর,** (খ) মুকুন্দরাম চক্রবর্তীম

(গ) গোবিন্দ দাস, (ঘ) ঘণরাম চক্রবর্তী।

উঃ- (ক) ভারতচন্দ্র **রায়গুণাকর।**

৩। ভারতচন্দ্র জন্মগ্রহণ করেন -

(ক) কালকাতায়, (খ) হলদিয়ায়, (গ) হাওড়া জেলায়, (ঘ) বর্ধমান জেলায়।

৪। কবি ভারতচন্দ্র জন্মগ্রহণ করেন -

(ক) ১৭১০-১২, (খ) ১৭১০-১১, (গ) ১৭১০-১৩, (ঘ) ১৭১০-১৪ খ্রিষ্টাব্দে।

৫। 'অন্নদামঙ্গল' কাব্যের রচনাকাল হল -

(ক) ১৭৫০ খ্রিষ্টাব্দে, (খ) ১৭৫১ খ্রিষ্টাব্দে, (গ) ১৭৫২ খ্রিষ্টাব্দে, (ঘ) ১৭৫৩ খ্রিষ্টাব্দে।

৬। যুগসন্ধিক্ষনের কবি বলা হয় -

(ক) ভারতচন্দ্র, (খ) মুকুন্দরাম, (গ) গোবিন্দ দাস, (ঘ) জ্ঞানদাস।

৭। 'অন্নদামঙ্গল' কাব্যের খন্ড সংখ্যা -

(ক) দুইটি, (খ) দিনটি, (গ) চারটি, (ঘ) পাঁচটি।

৮। ভারতচন্দ্রের সর্বশ্রেষ্ঠ কাব্যগ্রন্থ হল -

(ক) বিদ্যাসুন্দর, (খ) অন্নপূর্না মঙ্গল, (গ) অন্নদা মঙ্গল, (ঘ) কালিকামঙ্গল।

৯। কবি ভারতচন্দ্র **রায়গুণাকর** সভাকবি ছিলেন -

(ক) মহারাজা কৃষ্ণচন্দ্রের, (খ) মহারাজা রামনারায়ণের,

(গ) মহারাজা কীর্তিচন্দ্রের, (ঘ) মহারাজা বীর প্রতাপের।

১০। 'অন্নদামঙ্গল' কাব্যের তৃতীয় খন্ডের নাম -

(ক) কালিকামঙ্গল, (খ) মানসিংহ, (গ) বিদ্যাসুন্দর, (ঘ) ময়নামতী।

১১। 'ভাষাশিল্পের তাজমহল' 'অন্নদামঙ্গল' কাব্য সম্পর্কে এমন মন্তব্য করেছেন -

(ক) প্রথম চৌধুরী, (খ) ঈশ্বরগুপ্ত, (গ) মহারাজা কৃষ্ণচন্দ্র, (ঘ) ভারতচন্দ্র রায়গুনাকর।

১২। কবি ভারতচন্দ্র নিজেই বলেছেন 'অন্নদামঙ্গল' আসলে -

(ক) অন্নপূর্ণ মঙ্গল, (খ) নূতনমঙ্গল, (গ) নবমঙ্গল, (ঘ) পূর্ণমঙ্গল।

১৩। কবি ভারতচন্দ্রকে '**রায়গুণাকর**' উপাধিতে ভূষিত করেন -

(ক) মহারাজা কৃষ্ণচন্দ্র, (খ) মহারাজা রামনারায়ণ,

(গ) মহারাজা বীর প্রতাপ, (ঘ) মহারাজ কীর্তিচন্দ্র।

১৪। 'অন্নদামঙ্গল' কাব্যে যে দেবীর মাহাত্ম প্রচার করা হয়, তা হল -

(ক) দেবী অন্নপূর্ণার, (খ) দেবী দুর্গার, (গ) **দেবী কালীর,** (ঘ) দেবী চন্ডীর।

১৫। ভারতচন্দ্র যে শতাব্দীর কবি ছিলেন -

(ক) সপ্তদশ শতাব্দীর, (খ) অষ্টাদশ শতাব্দীর, (গ) পঞ্চম শতাব্দীর, (ঘ) ষোড়শ শতাব্দীর।

১৬। ভারতচন্দ্র 'অন্নদামঙ্গল' কাব্যের রচনা শেষ করেন -

(ক) ১৭৫১ খ্রিষ্টাব্দে, (খ) ১৭৫২ খ্রীষ্টাব্দে, (গ) ১৭৫৩ খ্রীষ্টাব্দে, (ঘ) ১৭৫৪ খ্রীষ্টাব্দে।

১৭। "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে" - মন্তব্যটি -

(ক) অন্নদামঙ্গল কাব্যের, (খ) **অন্নপূর্ণা** মঙ্গল,

(গ) কালিকামঙ্গল কাব্যের, (ঘ) সারদামঙ্গল কাব্যের।

১৮। 'অন্নদামঙ্গল' কাব্যে যে ছন্দ ব্যবহার করা হল -

(ক) মুক্তক ছন্দে, (খ) মুক্তক ছন্দে, (গ) পয়ার ত্রিপদী ছন্দে, (ঘ) মাত্রবৃত্ত ছন্দে।

১৯। 'অন্নদামঙ্গল'-এ দেবী অন্নপূর্ণার পূজা প্রবর্তন করেন -

(ক) মহারাজা রামনারায়ণ, (খ) মহারাজ বীর প্রতাপ,

(গ) মহারাজ কীর্তিচন্দ্র, (ঘ) মহারাজ কৃষ্ণচন্দ্র।

২০। ভারতচন্দ্রের মৃত্যু হয় -

(ক) ১৭৭২ খ্রীষ্টাব্দে, (খ) ১৭৬০ খ্রীষ্টাব্দে, (গ) ১৭৭০ খ্রীষ্টাব্দে, (ঘ) ১৭৮০ খ্রীষ্টাব্দে।

এক একটি পূর্নাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর লেখো ঃ **মান — ১**

১। 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতা কে?

উঃ- অন্নদামঙ্গল' কাব্যের রচিয়তা হলেন - কবি ভারতচন্দ্র রায়গুনাকর।

২। ভারতচন্দ্র কার সভাকবি ছিলেন?

উঃ- ভারতচন্দ্র রাজা কৃষ্ণচন্দ্রের সভাকবি ছিলেন।

৩। ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কয়টি খন্ডে বিভক্ত?

উঃ- ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' তিনটি খন্ডে বিভক্ত।

৪। কবি ভারতচন্দ্র কবে, কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর ঃ .....

৫। 'অন্নদামঙ্গল' **কবে** রচিত হয়?

উত্তর ঃ .....

৬। "অন্নদামঙ্গল' কাব্যের খন্ড গুলির নাম লেখো।

উত্তর ঃ .....

৭। 'অন্নদামঙ্গল' কাব্য সম্পর্কে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কী বলেছেন?

উত্তর ঃ .....

৮। কাকে যুগসন্ধিক্ষণের কবি বলা হয়?

উত্তর ঃ .....

৯। অন্নদামঙ্গল কোন্ ছন্দে রচিত হয়?

উত্তর ঃ .....

১০। কাকে 'নাগরিক কবি' আখ্যা দেওয়া হয়েছে?

উত্তর ঃ .....

১১। 'অন্নদামঙ্গল' সম্পর্কে কবি ভারতচন্দ্র কী বলেছিল?

উত্তর ঃ .....

১২। কখন দেবী অন্নদার পূজা করা হয়?

উত্তর ঃ .....

১৩। কে ভারতচন্দ্রকে **'রায়গুণাকর'** উপাধিতে ভূষিত করেন?

উত্তর ঃ .....

১৪। 'অন্নদামঙ্গল' কাব্যে কোন্ দেবীর **মাহাত্ম্য** প্রচার করা হয়েছে?

উত্তর ঃ .....

১৫। 'অন্নদামঙ্গল' কাব্যটির রচনা কবে শেষ হয়?

উত্তর ঃ .....

১৬। 'অন্নদামঙ্গল' কাব্যটি কতটি পর্যায়ে সম্পন্ন হয়েছে?

উত্তর ঃ .....

১৭। কবি ভারতচন্দ্র রায়গুনাকর 'অন্নদামঙ্গল' কাব্যে মহাশক্তিকে কোন রূপে দেখিয়েছেন?

উত্তর ঃ .....

১৮। কার মৃত্যুর মধ্যদিয়ে সমাপ্তি ঘটে এবং আধুনিক যুগের **সূচনা** হয়?

উত্তর ঃ .....

১৯। কবে কবি ভারতচন্দ্র **রায়গুণাকর** মারা যান?

উত্তর ঃ .....

২০। কবি ভারতচন্দ্র **রায়গুণাকর** কোন্ সময়ের কবি ছিলেন?

উত্তর ঃ .....

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লেখো ঃ **মান — ৬**

১। 'অন্নদামাঙ্গল' কাব্যের রচয়িতা হিসেবে কবি ভারতচন্দ্রের কবি প্রতিভা **মূল্যায়ণ** করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

বাংলা সাহিত্যের ইতিহাস

মধ্যযুগ

(ছ) চৈতন্য জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয়।

আলোচ্য কবি -কৃষ্ণদাস কবিরাজ

মধ্যযুগে রচিত চৈতন্য জীবনী কাব্যগুলি বাংলা সাহিত্যের বিশিষ্ট সম্পদ। বাংলা ভাষায় জীবনীসাহিত্য রচনার এই প্রথম উদাহরন। গৌরাঙ্গ-বিষয়ক পদাবলী বাদ দিলে এই চৈতন্যজীবনী কাব্যগুলি বাংলা সাহিত্যে সুপরিচিত - বৃন্দাবনদাসের শ্রীচৈতন্যভাগবত, কৃষ্ণদাস কবিরাজের শ্রী চৈতন্যচরিতামৃত, লোচনদাসের চৈতন্যভাগবত, জয়ানন্দের কবিরাজের শ্রী চৈতন্যমঙ্গল, গোবিন্দদাসের কড়চা, চূড়ামনিদাসের গৌরাঙ্গবিজয়।

এই চৈতন্যজীবনী কাব্যগুলির মধ্যে সর্বশ্রেষ্ঠ হল শুধু মধ্যযুগের বাংলা সাহিত্যে নয়, সমগ্র বাংলা সাহিত্যেরই একটি শ্রেষ্ঠ জীবনী-কাব্য। এত সুগভীর পন্ডিত্য, দার্শনিকতা, ভক্তিশাস্ত্রে অতন্দ্র নিষ্ঠা, শুধু সে যুগের কেন এ যুগের কতগুলি গ্রন্থে পাওয়া যাবে তা আলোচনা সাপেক্ষ।

ক) সঠিক উত্তর বাছাই করো ঃ (✔) **প্রতিটি প্রশ্নের মান — ১**

১। চৈতন্য জীবনীর আদি গ্রন্থ বলা হয় -

(ক) চৈতন্য চন্দ্রোদয়, (খ) শ্রী শ্রী কৃষ্ণচৈতন্য চরিতামৃতম্,

(গ) চৈতন্যমঙ্গল, (ঘ) শ্রী চৈতন্য চরিতামৃত।

উঃ- (খ) শ্রী শ্রী কৃষ্ণচৈতন্য চরিতামৃতম।

২। বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতের পূর্ববর্তী নাম ছিল -

(ক) চৈতন্যচরিতামৃত, (খ) চৈতন্যচন্দ্রোদয়, (গ) চৈতন্যমঙ্গল, (ঘ) গৌরাঙ্গবিজয়।

৩। 'চৈতন্যমঙ্গল' কাব্যের রচয়িতার নাম -

(ক) বৃন্দাবন দাস (খ) লোচনদাস

(গ) জয়ানন্দ (ঘ) কৃষ্ণদাস কবিরাজ

৪। জয়ানন্দের চৈতন্যমঙ্গল যত খন্ডে সমাপ্ত -

(ক) ৯টি, (খ) ৩টি, (গ) ৪টি, (ঘ) ৫টি।

৫। শ্রীচৈতন্য চরিতামৃতের মোট অধ্যায় সংখ্যা -

(ক) ৬০টি, (খ) ৬১টি, (গ) ৬২টি, (ঘ) ৬৩টি।

৬। চূড়ামনিদাসের গৌরাঙ্গবিজয়ের অপর নাম -

(ক) আদিমঙ্গল, (খ) আনাদিমঙ্গল, (গ) ভুবনমঙ্গল, (ঘ) অন্নদামঙ্গল।

৭। কৃষ্ণদাস কবিরাজের জন্ম স্থান -

(ক) বর্ধমান জেলার ঝামটপুর গ্রাম, (খ) বেদগ্রাম,

(গ) আমপপুর গ্রাম, (ঘ) ফুলুয়া গ্রাম।

খ) পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ **প্রতিটি প্রশ্নের মান — ১**

১। চৈতন্য জীবনী সাহিত্যের সর্বশ্রেষ্ঠ গ্রন্থ কোন্‌টি?

উঃ- কৃষ্ণদাস কবিরাজের শ্রীচৈতন্যচরিতামৃত।

নিজে করো

১। শ্রীচৈতন্যের পিতৃভূমি কোথায়?

উত্তর ঃ .....

২। শ্রীচৈতন্যের পিতা ও মাতার নাম কী?

উত্তর ঃ .....

৩। চৈতন্যের বাল্যনাম কী ছিল?

উত্তর ঃ .....

৪। চৈতন্যদেব কার কাছ থেকে মন্ত্রদীক্ষা নিয়ে সন্ন্যাস গ্রহণ করেন?

উত্তর ঃ .....

৫। চৈতন্যদেব কত বছর বয়সে সন্ন্যাস গ্রহণ করেন?

উত্তর ঃ .....

৬। চৈতন্যদেবের জন্ম ও তিরোধানের সময়কালে নির্দেশ করো।

উত্তর ঃ .....

৭। 'চৈতন্য চন্দ্রোদয়' কার লেখা?

উত্তর ঃ .....

৮। বৃন্দাবন দাসের চৈতন্যভাগবত কয় খন্ড ও অধ্যায়ে সমাপ্ত হয়?

উত্তর ঃ .....

৯। লোচনদাসের চৈতন্যমঙ্গল কয় খন্ডে রচিত?

উত্তর ঃ .....

১০। লোচনদাসের মতে চৈতন্যদেবের তিরোধান কীভাবে হয়?

উত্তর ঃ .....

১১। শ্রী চৈতন্য চরিতামৃতের রচনাকাল নির্দেশ করো?

উত্তর ঃ .....

১২। শ্রী চৈতন্যচরিতামৃত কয় খন্ডে সমাপ্ত হয়?

উত্তর ঃ .....

১৩। কৃষ্ণদাস কবিরাজ কোন্ খন্ডটি সবিস্তারে বর্ণনা করেন?

উত্তর ঃ .....

১৪। গোবিন্দ দাসের চৈতন্যজীবনী কাব্যটির নাম কী?

উত্তর ঃ .....

১৫। চূড়ামণিদাসের গৌরাঙ্গ বিজয় কোথায় থেকে প্রকাশিত হয়?

উত্তর ঃ .....

রচনাধর্মী প্রশ্ন ঃ **প্রতিটি প্রশ্নের মান — ৬ (১৫০ শব্দের মধ্যে)**

১। মধ্যযুগীয় বাংলা সাহিত্যে প্রথম চৈতন্য জীবনীকারের গ্রন্থটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। মধ্যযুগের বাংলা সাহিত্যে শ্রেষ্ঠ চৈতন্যজীবনী কাব্যটি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

আরাকান রাজসভার কবি ও কাব্যচর্চা

আরাকান রাজ্যের অবস্থান মূলত ব্রহ্মদেশের উত্তর-পূর্ব সীমানায়। একসময় বাংলার পূর্ব উপকূলে চট্টগ্রাম বন্দরে আরবদেশীয় মুসলমানদের উপনিবেশ গড়ে ওঠে। তাদের অনেকেই বাংলা ভাষাকে মাতৃভাষা রূপে গ্রহণ করেন। মূলত আরকানের মগজাতিরা ছিলেন বৌদ্ধধর্মাবলম্বী। তাদের রাজা ও ছিলেন **মগ** জাতীয় বৌদ্ধ। প্রকৃতপক্ষে তাদের উৎসাহ ও পৃষ্টপোষকতায় কয়েকজন মুসলমান কবি বাংলা সাহিত্য রচনায় আত্মনিয়োগ করেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন দৌলত কাজী ও সৈয়দ আলাওল।

আরাকানের কাব্যচর্চার উল্লেখযোগ্য বিষয় হল সাহিত্যিক চিন্তাধারার নতুনত্ব। মধ্যযুগের সাহিত্য ধারায় অধিকাংশ জায়গা জুড়ে রয়েছে দেবতার মাহাত্ম্য বিষয়ক রচনা আমরা যদি মঙ্গলকাব্য, অনুবাদ সাহিত্য কিংবা জীবনী সাহিত্যগুলি বিশ্লেষণ করি, তাহলে দেখা যায় **সবগুলির** মূলে রয়েছে ঐশ্বরিয় ভাবনা। সেখানে মানব চরিত্র ও তাদের দুঃখ-দুর্দমার কাহিনি বর্ণিত হলেও, সেগুলি কখনও ঐশ্বরিক চিন্তাধারাকে অতিক্রম করতে পারেনি। সেইদিক থেকে বিচার করলে আরাকানের সাহিত্য কীর্তি একটি নবধারার সংযোজন। **কারণ** আরকান সাহিত্যগুলি মূলে রয়েছে মানব-মানবীর প্রণয়াখ্যান, সেখানে দেববাদ প্রধান্য বিস্তার করতে পারেনি। এখানে ভক্তি কথার বদলে প্রেমের সংগীত, দেবতার বদলে মানুষের কামনা বাসনার অভিব্যক্তিই প্রধান।

দৌলত কাজী ঃ- দৌলত কাজী আরাকান রাজসভার একজন শ্রেষ্ঠ কবি। তাঁর কাব্যের নাম 'সতী ময়নামতী' বা 'লোরচন্দ্রানী' কাব্যটির দুই তৃতীয়াংশ রচনার পর তিনি মারা যান। দৌলত কাজী 'সতী ময়নামতী' কাব্যটির বিষয়বস্তুর দিক থেকে বাংলা সাহিত্যের এক নবতর সংযোজন। **সবকিছুর উর্ধ্বে** গিয়ে মানব মানবীর প্রণয়কাহিনিকেই তিনি এই কাব্যে প্রাধান্য দিয়েছেন। এই দিক থেকে কাব্যটি যথেষ্ঠ গুরুত্বপূর্ণ। কবি সুফি মতাবলম্বী ছিলেন। তিনি আরাকান রাজ্যের সমরসচিব আশরাফ খানের পৃষ্ঠপোষকতায় ও নির্দেশে তিনি ১৬২১ থেকে ১৬০৮ খ্রী: মধ্যবর্তী সময়ে 'সতীময়নামতী' কাব্যটি রচনা করে থাকবেন। দৌলত কাজীর 'সতীময়নামতী' কাব্যের বাকী অংশ আরাকান রাজসভার অন্য কবি সৈয়দ আলাওল আরাকান রাজ্যের প্রধানমন্ত্রী সুলেমানের আদেশে সুদীর্ঘ কুড়ি বছর পরে ১৬৫৯ খ্রীষ্টাব্দে সমাপ্ত করেন। দৌলত কাজী মূলত হিন্দী কবি মিয়া সাধনের '**মৈনা কো সত্**' কাব্যের কাহিনির অনুসরণে 'সতী ময়নামতী' কাব্যটি রচনা করেন।

সৈয়দ আলাওল ঃ - আরাকান রাজসভায় দৌলত কাজীর পরে যে কবির স্থান, তিনি হলেন সৈয়দ আলাওল। অনেকে তাঁকে সর্বশ্রেষ্ঠ মুসলমান কবি নামেও অভিহিত করে থাকেন। সৈয়দ আলাওল বিচিত্র বিষয়কে কেন্দ্র করে তাঁর সাহিত্য প্রতিভার প্রকাশ ঘটিয়েছেন। আরাকান রাজ থিরিথু ধম্মা বা শ্রীসুধর্মা ও রাজমন্ত্রী মগন ঠাকুরের আরবি ও ফারসী থেকে অনুদিত চারটি গ্রন্থ এবং হিন্দি থেকে অনুদিত একটি। তাঁর রচিত কাব্যগুলি হলো যথাক্রমে -

(ক) '**সয়ফুলমূলক** বদিউজ্জমাল' (১৬৫৮-৬০)

(খ) 'হপ্তপয়কর' (১৬৬৫)

(গ) 'তোহফা' (১৬৬৩-৬৪)

(ঘ) সেকান্দারনামা' (১৬৬৩)

ঙ) 'পদ্মাবতী' (১৬৬৪)

তাঁর রচিত কাব্যগুলির মধ্যে একমাত্র 'পদ্মাবতীর' জন্যই তিনি প্রসিদ্ধ হয়ে আছেন। তিনি এই কাব্যে মহম্মদ জয়সীর 'পদুমাবৎ' কাব্যের হুবহু অনুবাদ করেননি। তিনি করেছেন এর **ভাবানুবাদ।**

কবির আত্মপরিচয় থেকে জানা যায় যে, ষোড়শ শতাব্দীর শেষভাগে চট্টগ্রামে তাঁর জন্ম। আনুমানিক ১৬০৮ থেকে ১৬৭৩ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি মৃত্যু বরণ করেন। কবির পিতা **ফতেহাবাদের** মজলিস কুতুবের মন্ত্রী ছিলেন। জলদস্যুদের হাতে তাঁর পিতার মৃত্যু ঘটে। তিনি ছিলেন সুনিপুন যোদ্ধা।

সঠিক উত্তর নির্বাচন করো :- (✔) **মান - ১**

১। মধ্যযুগীয় বাংলাসাহিত্যে মানব-মানবীর প্রণয়াখ্যান প্রথম স্থান পায় -

(ক) চন্ডীমঙ্গল, (খ) ধর্মমঙ্গল, (গ) মুসলমান সাহিত্যে, (ঘ) শ্রীকৃষ্ণকীর্তন।

উঃ- (গ) মুসলমান সহিত্যে।

২। দৌলত কাজীর কাব্যটির নাম হল -

(ক) হপ্ত পয়কর, (খ) তোহফা, (গ) পদ্মাবতী, (ঘ) সতী ময়নামতী।

৩। আলাওল রচিত কাব্যটি হল -

(ক) সেকান্দার নামা, (খ) সতীময়নামতী, (গ) চন্ডীমঙ্গল, (ঘ) ধর্মমঙ্গল।

৪। 'সতী ময়নামতী' বা 'লোরচন্দ্রীনা ' কাব্যের দুই-তৃতীয়াংশ রচনা করেন -

(ক) সৈয়দ আলাওল, (খ) দৌলত কাজী, (গ) নারায়ণ দেব, (ঘ) কাশীরাম দাশ।

৫। দৌলত কাজী কার নির্দেশে 'সতী ময়নামতী' কাব্যটি রচনা করেন -

(ক) আশারাফ খান, (খ) সুলেমান, (গ) শ্রী সুধর্মা, (ঘ) মগন ঠাকুর।

৬। দৌলত কাজীর 'সতী ময়নামতী' বা 'লোরচন্দ্রনী'র বাকি অংশ রচনা করেন -

(ক) ১৬২০-১৬৩৮ খ্রী:, (খ) ১৬২৫-১৬৩৫ খ্রী:, (গ) ১৬৭৮-১৬৭৯ খ্রী:, (ঘ) ১৬১০-১৬১৫ খ্রী:।

৭। 'সতী ময়নমতী' বা 'লোরচন্দ্রানী'র বাকি অংশ রচনা করেন -

(ক) আশরাফ খান, (খ) সুলেমান, (গ) দৌলতকাজী, (ঘ) সৈয়দ আলাওল।

৮। সৈয়দ আলওল রচিত উল্লেখযোগ্য কাব্যটি হল -

(ক) সয়ফুল মূলক বদিউজ্জমাল, (খ) হপ্তপয়কর, (গ) তোহফা, (ঘ) পদ্মাবতী।

৯। **যার নির্দেশে সৈয়দ আলাওল 'লোরচন্দ্রানী'র বাকি অংশ রচনা করেন** -

(ক) আশরা খান, (খ) সুলেমান, (গ) শ্রী সুধর্মা, (ঘ) মগন ঠাকুর।

১০। 'সতী ময়নামতী'র দুই-তৃতীয়াংশ লেখার কত বছর পর আলাওল বাকি অংশ রচনা করেন -

(ক) দশ বছর, (খ) কুড়ি বছর, (গ) পনেরো বছর, (ঘ) পঁচিশ বছর।

১১। আলাওল 'সতী ময়নামতী'র বাকি অংশ রচনা করেছিলেন -

(ক) ১৬৫০ খ্রিঃ, (খ) ১৬৬০ খ্রিঃ, (গ) ১৬৫৯ খ্রী, (ঘ) ১৬৮০ খ্রীঃ।

১২। আলাওল রচিত 'পদ্মাবতী'-কাব্যের রচনা কাল -

(ক) ১৬৪৫ খ্রীঃ, (খ) ১৬৪৬ খ্রীঃ, (গ) ১৬৫০ খ্রীঃ, (ঘ) ১৬৪৭ খ্রীঃ।

পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ মান — ১

১ আরাকান রাজ্যের অবস্থান কোথায় ছিল?

উঃ- আরাকান রাজ্যের অবস্থান মূলত ব্রহ্মদেশের উত্তর-পূর্ব সীমানায়।

২। আরাকানের মুসলিম সাহিত্যের নতুনত্ব কি ছিল?

উত্তর ঃ .....

৩। আরাকান রাজসভার দুজন শ্রেষ্ঠ কবির নাম লেখো।

উত্তর ঃ .....

৪। দৌলত কাজী তাঁর 'সতী ময়নামতী' কাব্যের কতটুকু রচনা **করতে পেরে** ছিলেন?

উত্তর ঃ .....

৫। দৌলত কাজীর 'সতী ময়নামতী' কাব্যের কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?

উত্তর ঃ .....

৬। আলাওল **কোন্ কোন্** ভাষায় সাহিত্য সৃষ্টি করেছেন?

উত্তর ঃ .....

৭। আলাওলের পিতার মৃত্যু **কীভাবে** হয়?

উত্তর ঃ .....

৮। 'সয়ফুলমূলক বদিউজ্জমাল' কাব্যটি কার লেখা?

উত্তর ঃ .....

৯। 'হপ্তপয়কর' কাব্যটি কত খ্রীষ্টাব্দে রচিত হয়?

উত্তর ঃ .....

১০। '**সেকান্দারনামা**' কাব্যটি কার লেখা?

উত্তর ঃ .....

১১। 'পদ্মাবতী' কাব্যের কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?

উত্তর ঃ .....

১২। 'ময়নাসৎ' কাব্যটি কার লেখা?

উত্তর ঃ .....

১৩। 'পদুমাবৎ' কাব্যটি কার লেখা?

উত্তর ঃ .....

রচনধর্মী প্রশ্নোত্তর ঃ- **মান - ৬**

প্রশ্ন ঃ- মধ্যযুগের বাংলা সাহিত্যের ধারায় আরাকান রাজসভার কবিদের রচনার বিশিষ্ঠতার পরিচয় দাও।

উঃ- আরাকান রাজসভার কবিদের উল্লেখযোগ্য দিক হল চিন্তাধারার নতুনত্ব। মধ্যযুগের বাংলা সাহিত্যের অধিকাংশ জায়গাজুড়ে রয়েছে দেববাদ। এই দেববাদের অন্তরালে মানব-মানবীর জীবন সংগ্রাম সাহিত্যিক রূপ পেলেও, তা দেববাদকে অতিক্রম করতে পারেনি। সেইদিক থেকে বিচার করলে আরাকানের সাহিত্য কীর্তি একটি নবধারার সংযোজন। আরাকানের সাহিত্য কীর্তির মধ্যে ভক্তি কথার বদলে প্রেমের সংগীত, দেবতার বদলে মানুষের কামনা বাসনার অভিব্যক্তিই প্রধান রূপে ধরা দিয়েছে।

ষোড়শ শতাব্দী পর্যন্ত বাংলা সাহিত্যে দেবতার **মাহাত্ম্য** কিংবা দেবকল্প মানুষের জীবন কাহিনিই স্থান পেয়েছে। চর্যাপদ থেকে শুরু করে অনুবাদ সাহিত্য কিংবা মঙ্গলকাব্য বা জীবনী সাহিত্য, প্রতিটি পর্বেই সাহিত্যিকগণ দেববাদকেই প্রধান্য দিয়ে এসেছেন। কিন্তু সপ্তদশ শতাব্দীতে নতুন সুর ধ্বনি হতে শুরু করে আরাকানের মুসলিম সাহিত্যের মধ্যে দিয়ে। সাহিত্যিকগণ প্রথম দেববাদের **ঊর্ধ্বে** ওঠে মানব-মানবীর দুঃখ, বেদনা, চাওয়া-পাওয়া ইত্যাদি মানবিক অনুভূতিগুলিকে প্রাধান্য দিতে শুরু করলেন। দৌলত কাজীর 'সতী ময়নামতী' কিংবা আলাওলের 'পদ্মাবতী' প্রভৃতি কাব্যে ঘোষিত হল মানবতার গান।

রচনাধর্মী প্রশ্নগুলি লেখো ঃ **মান - ৬**

১। আরাকান রাজসভার পরিচয় দাও। এই রাজসভার কবি সৈয়দ আলাওলের জীবন ও কবি প্রতিভার পরিচয় দাও।

২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

২। আরাকান রাজসভার পরিচয় দাও। আরাকানের কাব্য মধ্যযুগের গতানুগতিকতা ভেঙে কীভাবে মানবজীবনকে প্রধান স্থান দিয়েছিল আলোচনা করো। ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৩। দৌলত কাজীর পরিচয় দাও। কবির কাব্য প্রতিভা সম্পর্কে কিছু জানিয়ে তাঁর কাব্যের অভিনবত্ব বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো? ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৪। সৈয়দ আলাওলের কবি প্রতিভার পরিচয় দিয়ে মধ্যযুগের বাংলা **সাহিত্যে** তাঁর স্বাতন্ত্র্য বৈশিষ্ট্য নিরূপন **করো**। ৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

৫। দৌলত কাজীর পরিচয় দিয়ে তাঁর লেখা কাব্যের কাহিনি বর্ণনা করো। মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে এই কাব্যটির গুরুত্ব আলোচনা করো। ২+৪=৬

উত্তর ঃ .....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

.....

শাক্ত পদাবলীর সংক্ষিপ্ত পরিচয়

আলোচ্য কবি ঃ রামপ্রসাদ সেন ও কমলাকান্ত ভট্টাচার্য

ভূমিকা ঃ- শাক্ত পদাবলী বাংলা সাহিত্য ধারায় এক নবতর সংযোজন। মধ্যযুগের ভক্তিবাদ-আশ্রিত সাহিত্যধারায় শাক্ত পদাবলীগুলি একটি ভিন্ন স্বাদের দ্যোতনা দেয়। বাংলা সাহিত্যের ক্ষেত্রে শ্রীচৈতন্যদেবের আবির্ভাব একটি যুগান্তরকারী পরিবর্তন **এনে** দেয়। এই পরিবর্তন ছিল মূলত ভক্তি আশ্রিত, দেব-দেবীকে কেন্দ্র করে জনমানসের চিন্তাধারার এক বৈপ্লবিক পরিবর্তন। প্রাক্ চৈতন্যযুগের দেব-দেবীদের মধ্যে আমরা বরাভয়ের থেকে কুটিলতার প্রকাশই বেশি দেখি। সেখানে চিত্রিত **দেব-দেবীগণ** নিজের পূজা প্রচারের জন্য সবকিছুই করতে রাজি। কিন্তু চৈতন্য আবির্ভাবের পরে এই চিন্তাধারায় পরিবর্তন আসে, সেখানে দেব-দেবীগণ বরাভয় মূর্তিতে আবির্ভূত। মঙ্গলকাব্যের কুটিল স্বভাবা দেবীদের মধ্যেও মায়ের ছাপ সুস্পষ্ট, আমাদের আলোচ্য শাক্তপদাবলীও এর ব্যতিক্রম নয়। এই পদাবলীগুলিতে চিত্রিত কালী তার চন্ডীরূপ পরিহার করে জননী রূপে ধরা দিয়েছেন। এ প্রসঙ্গে **বঙ্কিমচন্দ্রের** 'আনন্দমঠ'-এর সত্যানন্দের উক্তি **স্মরণীয়।** তিনি মহেন্দ্রকে একটি কালীমূর্তি দেখিয়ে ব্যাখ্যা করেছেন -

"কালী - অন্ধকার সমাচ্ছন্না কালিকাময়ী, হৃতসর্বস্বা, এইজন্য নগ্নিকা।

আজি দেশে সর্বত্রই শ্মশান - তাই মা কঙ্কালমালিনী। আপনার শিব

আপনার পদতলে দলিতেছেন - হয়ে মা।"

সমাজজীবন ঃ- 'শাক্ত পদাবলী' সাহিত্য আমরা কালীর যে রূপ পাই তা আলোচ্য উক্তির ভিন্নরূপ। শাক্ত পদাবলীগুলিতে কালী জননী, কন্যা রূপেই ধরা দিয়েছেন। যা তাৎকালীন সমাজ ব্যবস্থার নিরিখে একটু আলাদা। শাক্ত পদাবলী সাহিত্যের প্রেক্ষাপটে রয়েছে দুঃখ-দুর্দশা, সামাজিক অবক্ষয় ও মোগল শাসনের ক্ষয়িষ্ণু ইতিহাস। একদিকে মোগল শাসকের ভিত্তি তখন একেবারে শিথিল- জীর্নদশাপ্রাপ্ত। অন্যদিকে সমাজ জীবনে দারিদ্র্য, হতাশা, ও বঞ্চনার ইতিহাস। একদিকে **বর্গীর** আক্রমণ ও অন্যদিকে মগ ও বিদেশী পর্তুগীজ জল দস্যুদের নৃশংস অত্যাচার। সবমিলিয়ে জনমানসে দেখা দিয়েছিল প্রবল বিশৃঙ্খলা।

সমাজজীবনের এই বিশৃঙ্খলার ছবি পদাবলী গুলিতে ধরা পড়েছে। এখানে আমরা ডিক্রি, ডিসমিস, কৃষিকাজ, তহবিল তদরূপ, হিসাবখাতা প্রভৃতি বৈষয়িক জীবনের নানা প্রসঙ্গ উত্তাপিত হতে দেখি। তা সত্ত্বেও পদাবলীকারগণ জীবনের প্রতি একটি ধনাত্বক দৃষ্টিভঙ্গি রেখে এই পদাবলী **সাহিত্যগুলি** নির্মাণ করেছেন। তাছাড়া গ্রামবাংলার একটি নিখুঁত ছবি এই পদাবলীগুরির মধ্যে ধরা পড়েছে। পদাবলীতে চিত্রিত মেনকা হিমালয়ের স্ত্রী না হয়ে, হয়ে উঠেছেন কোন বাঙালি গৃহস্থর জননী। আর গৌরী কোনো দেবী না হয়ে, হয়ে উঠছেন কোনো এক বাঙালী ঘরের বিবাহিতা মেয়ে। তিন দিনের জন্য গৌরীর বাবার বাড়িতে আসা, মেনকার, কন্যাকে কাছে পাওয়া **আকূতি।** বিজয়ায় করুণ হৃদয়ে গৌরীর পিতার গৃহ ত্যাগ। এসব কিছুই বাঙালি জীবনের বাস্তবচিত্র। মা মেনকার **আকূতি** আমাদের যেন বাঙালি ঘরের স্নেহবৎসল জননীর কথাই মনে করিয়ে দেয়। মা মেনকা স্বামী বলেছেন -

"গিরি, এবার উমা এলে আর উমা **পাঠাবো** না।

বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনব না"।।

শাক্তপদাবলীর পদগুলি মাতৃহৃদয়ের স্নেহরসে সিক্ত। নবমীর নিশিভোর না হতেই শিব গৌরিকে নিয়ে যাওয়ার জন্য হাজির। তখন মেনকার আর কিছু করার নেই। গৌরিকে বিদায় দিতেই হবে। মাতৃহৃদয়ের **করুণারই** বর্হিপ্রকাশ হতে দেখা যায় কমলাকান্তের পদে -

"ফিরে চাও গো উমা তোমার বিধুমুখ হেরি
অভাগিনী মায়েরে বধিয়া কোথা যাও গো।
এইখানে দাঁড়াও উমা বারেক দাঁড়াও মা
তাদের তপিত তনু **ক্ষণেক** জুড়াও গো।"

রামপ্রসাদ সেন ঃ- পদাবলীকারদের মধ্যে উল্লেখযোগ্য হলেন রামপ্রদাস সেনও কমলাকান্ত ভট্টাচার্য তাঁদের মধ্যে আদি ও শ্রেষ্ঠ কবি হলেন রামপ্রসাদসেন। তাঁর জন্ম আনুমানিক **১৭২০-১৭২১** খ্রীষ্টাব্দে চব্বিশ পরগণার হালিশহরের কুমার হট্ট গ্রামে। তাঁর মৃত্যু হয় **১৭৮১** খ্রি: কবি তাঁর পিতার দ্বিতীয় পক্ষের সন্তান, কবির দুই পুত্র ও দুই কন্যা, একবার কলকাতার ধনী জমিদারের সেরেস্তার মহুরীগিরি করার সময় খাতায় - 'আমায় দে মা তবিলদারী, আমি নেমকহারাম নয় শঙ্করী' গানটি লেখেন। তার পরই তাঁর ভাগ্যের চাকা ঘুরে যায়। গানটি দেখে জমিদার মহোদয় তাঁর প্রতি সদয় হয়ে বৃত্তি দিয়ে সাধনার ব্যবস্থা করে দেন। তাছাড়া কবির পান্ডিত্যে মুগ্ধ হয়ে কৃষ্ণচন্দ্র ও আরও অনেক ভূস্বামী কবিকে জমিজমা ও বৃত্তি দেন। স্বয়ং কৃষ্ণচন্দ্র তাঁকে সভাসদ্ করতে চাইলে কবি তা প্রত্যাখ্যান করে দেন।

রামপ্রসাদ শুধু গান লেখেই শান্ত হননি, তিনি তাঁর গানের একটি সুরও প্রচলন করেন। সেই সুর রামপ্রসাদী সুর নামে সঙ্গীতশাস্ত্রে অঙ্গীভূত হয়েছে। তিনি 'বিদ্যাসুন্দর' ও 'কৃষ্ণকীর্তন' নামে দুটি কাব্য রচনা করেন। তবে তাঁর কৃতিত্ব শ্যামাসঙ্গীতগুলোর মধ্যেই প্রকাশিত হয়েছে। তিনি প্রায় তিন শতাধিক শ্যামাসঙ্গীত রচনা করেন। কৃষ্ণচন্দ্র রামপ্রসাদকে 'কবিরঞ্জন' উপাধিতে ভূষিত করেন।

কমলাকান্ত ভট্টাচার্য ঃ- রামপ্রসাদের পরে যে পদাবলীকারের নাম শ্রদ্ধার সাথে **গ্রহণীয়** তিনি হলেন বর্ধমান জেলার অধিবাসী কমলাকান্ত ভট্টাচার্য। তাঁর উপাধি বন্দ্যোপাধ্যায় হলেও ভট্টাচার্য উপাধিতেই **সমাধিক** পরিচিত। তাঁর ব্যাক্তি পরিচয় সম্পর্কে যতটুকু জানা যায়, তাহল কবির **নিবাস** ছিল বর্ধমান জেলার কালনা গ্রামে, জন্মসন সঠিক জানা যায়নি। তাঁর পান্ডিত্যে মুগ্ধ হয়ে বর্ধমান রাজ তেজসচন্দ্র তাঁকে গুরুপদে বরণ করেন এবং তিনি বর্ধমান রাজ্যের সভাপন্ডিত হন। কোটালহাটে কবির সাধনাপীঠ ছিল। তিনি পঞ্চমুন্ডির আসন স্থাপন করে কালী সাধনা করতেন।

কমলাকান্ত ভট্টাচার্য 'সাধকরঞ্জন' নামে তন্ত্র সাধনা বিষয়ক একটি পুস্তক রচনা করেন। মূলত কমলাকান্ত ভট্টাচার্য ছিলেন অনেকটা আধুনিকযুগের পদবলীকার। তার সৃষ্ঠ পদাবলী গুলিতে সেই আধুনিকতার নিদর্শন খুঁজে পাওয়া যায়। রামপ্রসাদ ছিলেন কবি ও ভাবুক, আর কমলাকান্ত ছিলেন কবি, ভাবুক ও শিল্পী।

সঠিক উত্তর নির্বাচন করো :- (✔) **মান - ১**

১। 'শাক্ত পদাবলী'-তে মূল **কোন্** দেবীর গান করা হয়েছে?

(ক) মনসা, (খ) চন্ডী, (গ) কালী, (ঘ) শীতলা।

উঃ- (গ) কালী।

২। রাম প্রসাদ ছিলেন মূলত -

(ক) মনসামঙ্গলের কবি, (খ) রামায়ণের কবি, (গ) ধর্মমঙ্গলের কবি, (ঘ) শাক্ত পদাবলীর কবি।

৩। কমলাকান্ত ভট্টাচার্য ছিলেন মূলত -

(ক) চন্ডীমঙ্গলের কবি, (খ) মহাভারতের কবি, (গ) ধর্মমঙ্গলের কবি, (ঘ) শাক্ত পদাবলীর কবি।

৪। শাক্ত পদাবলীতে প্রাধান্য পেয়েছে মূলত -

(ক) রৌদ্ররস, (খ) উৎকঠ রস, (গ) বীর রস, (ঘ) বাৎসল্য রস।

৫। শাক্ত পদাবলীগুলি বিভক্ত হয়েছে -

(ক) চার ভাগে, (খ) ছয়ভাগে, (গ) দুই ভাগে, (ঘ) তিনভাগে।

৬। "এবার কালী তোমায় খাব" - গানটি হল -

(ক) রামেশ্বরের, (খ) গদাধর সেনের, (গ) কমলাকান্তের, (ঘ) রামপ্রসাদ সেনের।

৭। শাক্ত পদাবলীর আদি কবি হলেন -

(ক) কমলাকান্ত ভট্টাচার্য, (খ) রামপ্রসাদ সেন, (গ) গদাধর সেন, (ঘ) রামেশ্বর।

৮। কমলাকান্তের উপাধি ছিল -

(ক) ভট্টাচার্য, (খ) চক্রবর্তী, (গ) বন্দ্যোপাধ্যায়, (ঘ) দাশ।

৯। কমলাকান্ত যে উপাধিতে পরিচিতি লাভ করেন তা হল -

(ক) ভট্টাচার্য, (খ) চক্রবর্তী, (গ) বন্দ্যোপাধ্যায়, (ঘ) দেব।

১০। রামপ্রসাদকে 'কবিরঞ্জন' উপাধিতে ভূষিত করেন–

(ক) সিরাজদৌল্লা, (খ) কৃষ্ণচন্দ্র, (গ) কলিকাতার জমিদার, (ঘ) বর্ধমান রাজ তেজশচন্দ্র।

১১। রামপ্রসাদের শ্যামাসঙ্গীত গানের সংখ্যা প্রায় -

(ক) ৫০০, (খ) ২০০, (গ) ৩০০, (ঘ) ৪০০।

পূর্ণাঙ্গ বাক্যে উত্তর লেখো ঃ **মান — ১**

১। শাক্ত পদাবলীর আদি ও শ্রেষ্ঠ কবি কে?

উঃ- শাক্ত পদাবলীর আদি ও শ্রেষ্ঠ কবি হলেন রামপ্রসাদ সেন।

২। রাম প্রসাদ কত খ্রিঃ কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর ঃ .....

৩। রামপ্রসাদের কয় ছেলে ও কয় মেয়ে?

উত্তর ঃ .....

৪। রাম প্রসাদ সেন কোথায়, কার কাছে মহুরীগীরি করতেন?

উত্তর ঃ .....

৫। রামপ্রসাদী সুর কি?

উত্তর ঃ .....

৬। কে **রামপ্রসাদকে** সভাসদ রূপে পেতে চেয়েছিলেন?

উত্তর ঃ .....

৭। রামপ্রসাদ লিখিত কাব্যের নাম কী?

উত্তর ঃ .....

৮। 'সাধকরঞ্জন' কাব্যটি কার লেখা?

উত্তর ঃ .....

৯। 'সাধকরঞ্জন' কাব্যটি কী জাতীয় কাব্য?

উত্তর ঃ .....

